# বার্ষিক কার্যক্রম প্রতিবেদন

১৭ ভাদ্র ১৪২৫-১৫ আশ্বিন ১৪২৫ /০১ সেপ্টেম্বর ২০১৮ - ৩০ সেপ্টেম্বর ২০১৯

## নারীপক্ষ

নীলু স্কয়ার (৫ম তলা), বাড়ী-৭৫, সড়ক- ৫/এ, সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৯।

# সূচিপত্র

পৃষ্ঠা নং


১। নারীপক্ষ'র নিয়মিত অনুষ্ঠান ........................................................ ৩
(ক) মুক্ত ফোরাম ........................................................ ৩
(খ) ২৫ নভেম্বর, নারী নির্যাতনের বিরদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস ........................... ৩
(গ) আলোর স্মরণে কাটুক আঁধার ........................................................ ৩
(ঘ) আন্তর্জাতিক নারী দিবস- ৮ মার্চ ২০১৯ ........................................................ ৩-৪
২। নারীপক্ষ'র দুই দিনব্যাপী সম্মেলন ........................................................ ৪-৬
৩। গার্হস্থ্য অর্থনীতি কলেজের ছাত্রীদের সাথে আলোচনা সভা ........................................ ৬
৪। নাসরীন হক এর ১৩তম মৃত্যুবার্ষিকী "সুদিনের প্রত্যাশায়, তোমাকে" ........................... ৬
৫। রোকেয়া বুলি শিক্ষা বৃত্তি ........................................................ ৬
৬। অবস্থান কর্মসূচী ........................................................ ৭
৭। নারীপক্ষ'র স্টল ........................................................ ৮
৮। নারীপক্ষ'র বিভিন্ন সভা ও বৈঠক........................................................ ৮
(ক) মাসিক বৈঠক ........................................................ ৮
(খ) সাপ্তাহিক বৈঠক ........................................................ ৮
(গ) নির্বাহী পরিষদ বৈঠক ........................................................ ৮-২১
(ঘ) কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠক........................................................ ২১
(ঙ) ব্যবস্থাপনা বৈঠক ........................................................ ২১
(চ) কর্মী বৈঠক ........................................................ ২২
(ছ) ক্রয় বিক্রয় কমিটির বৈঠক ........................................................ ২৩-২৫
৯। ১৩ মে, নারীপক্ষ'র প্রতিষ্ঠা বার্ষিকী ........................................................ ২৫
১০। নতুন কর্মসূচী গ্রহণ ........................................................ ২৫
১১। নারীপক্ষ থেকে বিভিন্ন সভা/কর্মশালা/বৈঠকে অংশগ্রহণ ................................ ২৬-৩০
১২। দেশের বাইরে এবং আন্তর্জাতিক বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারে অংশগ্রহণ ............. ৩০
১৩। প্রতিবাদ বিবৃতি ........................................................ ৩০-৩১
১৪। প্রতিবাদ জানিয়ে মন্ত্রণালয়ে ও অন্যান্য চিঠি ........................................................ ৩১
১৫। শোকবার্তা ও শোক সংবাদ ........................................................ ৩২
১৬। অভিনন্দনপত্র ........................................................ ৩২
১৭। সদস্য সংবাদ ........................................................ ৩২
১৮। কর্মী সংবাদ ........................................................ ৩৩

১। **নারীপক্ষ'র নিয়মিত অনুষ্ঠান:**

**(ক) মুক্ত ফোরাম : প্রতিবেদনকালে মুক্ত ফোরাম/বিশেষ আলোচনা অনুষ্ঠিত হয়েছে ২ টি যা নিম্নরূপ:**

- ১৭ বৈশাখ ১৪২৬/৩০ এপ্রিল ২০১৯ বিকাল ৫:৩০ মিনিটে, "বাংলাদেশে শিশুবিবাহের সামাজিক প্রেক্ষাপটের উপর বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ এর সম্ভাব্য প্রভাব" বিষয়ে একটি মুক্ত ফোরাম অনুষ্ঠিত হয়। আলোচক: ড. মোহাম্মদ বিললাল হোসেন, সহযোগী অধ্যাপক, পপুলেশন সায়েন্স বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩০ মাঘ ১৪২৫/১২ ফেব্রুয়ারি ২০১৯ বিকাল ৫:৩০ মিনিটে **"মানবিক রাষ্ট্র, মৌলিক অধিকার এবং নারীর অবস্থান"** বিষয়ে একটি মুক্ত ফোরাম অনুষ্ঠিত হয়। আলোচক : ড. সিরাজুল ইসলাম চৌধুরী, এমেরিটাস অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়। ড. পারভীন হাসান, অধ্যাপক ও উপাচার্য, সেন্ট্রাল উইমেন্স বিশ্ববিদ্যালয়। ড. এম এম আকাশ, অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ১৬ মাঘ ১৪২৫/২৯ জানুয়ারি ২০১৯ বিকাল ৫:৩০ মি. "মিয়ানমার থেকে রোহিঙ্গা বিতাড়ন, আন্তর্জাতিক অপরাধ আদালতে আরজি ও অতঃপর" শীর্ষক একটি মুক্ত ফোরাম অনুষ্ঠিত হয়। মূল আলোচক: কাজী ওমর ফয়সল, আইনবিদ, জেনেভা বিশ্ববিদ্যালয়।

**(খ). 'নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস' ২০১৮ উদ্যাপন:**

নারীপক্ষ'র উদ্যোগে **১১** অগ্রহায়ণ **১৪২৫/২৫** নভেম্বর ২০১৮ **"নারীর স্বাধীন চলাফেরায় চাই নিরাপত্তা"**- এই প্রতিপাদ্য নিয়ে ঢাকা এবং একইসাথে দেশের আরো ৫৪টি জেলা শহরে দুর্বার নেটওয়ার্ক ও সহযোগী সংগঠন এর মাধ্যমে **'নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস'** পালন করা হয়। এ উপলক্ষে নারীপক্ষ ঢাকায় নিজ কার্যালয়ের সামনে বিকাল ৪টা থেকে ৫টা পর্যন্ত অবস্থান কর্মসূচি পালন করে। অবস্থান কর্মসূচিতে নারীর স্বাধীন চলাফেরার অধিকার সংক্রান্ত বিভিন্ন শ্লোগান লেখা প্ল্যাকার্ড বহন করা হয় যেমন: **"পথে ঘাটে দিনে রাতে চলতে চাই নিরাপদে, রাতের বেড়া ভাঙবো স্বাধীনভাবে চলব, মাঠে ঘাটে বাসে ট্রেনে নারীর স্থান সবখানে, রাজপথে নারীর সাড়া জাগরনে নতুন ধারা, কাজে কর্মে দিনে রাতে নির্ভয়ে চলবো পথে, রাত কিংবা দিন বুঝে নাও আমিও স্বাধীন, নারী নির্যাতনের বিরুদ্ধে রুখে দাঁড়াও একসাথে, এই হোক অঙ্গীকার, নারী নির্যাতন নয় আর।"** কর্মসূচি চলাকালে নারীপক্ষ'র বক্তব্য সম্মলিত প্রচারপত্র বিতরণ করা হয়। একইভাবে ঢাকার বাইরে দুর্বার নেটওয়ার্ক ও সহযোগী সংগঠন ৫৪টি জেলা শহরে কর্মসূচি পালন করে। দিবসটি উপলক্ষে নারীপক্ষ থেকে মোট দশ হাজার প্রচারপত্র ছাপানো হয়, যার প্রায় ছয় হাজার ইতিমধ্যে বিতরণ করা হয়েছে। বিভিন্ন তৈরিপোশাক কারখানাসমূহে প্রচারপত্র বিতরণ এখনো অব্যাহত আছে।

**(গ). 'আলোর স্মরণে কাটুক আঁধার'২০১৮:**

গত ২৪ অগ্রহায়ণ **১৪২৫/৮** ডিসেম্বর **২০১৮** সন্ধ্যায় কেন্দ্রীয় শহীদ মিনারে মুক্তিযুদ্ধে হারিয়ে যাওয়া স্বজনদের স্মরণে নারীপক্ষ'র বিশেষ স্মরণ অনুষ্ঠান 'আলোর স্মরণে কাটুক আঁধার' অনুষ্ঠিত হয়। এবারের প্রতিপাদ্য ছিল "মানবিকরাষ্ট্র চাই"। গানের দল 'সুরতীর্থ' এর পরিবেশনায় 'আগুনের পরশমনি ছোঁয়াও প্রাণে' রবীন্দ্রসঙ্গীতটির সাথে সাথে মুক্তিযুদ্ধে হারিয়ে যাওয়া স্বজনদের স্মরণে উপস্থিত সকলে একটি করে মোমবাতি জ্বালিয়ে শহীদ মিনারে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে ঘোষণাপত্র পাঠ করেন নারীপক্ষ'র সদস্য রেহানা সামদানী। গান পরিবেশন করেন সুরতীর্থের শিল্পীবৃন্দ ও শিল্পী জাহিদ মামুন। কবিতা আবৃত্তি করেন হুর-এ জান্নাত ও ইকবাল আহমেদ। স্মৃতিচারণ করেন বীরাঙ্গনা আনোয়ারা বেগম, মুক্তিযোদ্ধা এটিএম ফজলুর রহমান ও মুক্তিযোদ্ধা কাজী নুরুল করিম দিলু। 'মানবিক রাষ্ট্র' এর পক্ষে নারীপক্ষ'র বক্তব্য সম্বলিত প্রায় পাঁচশত প্রচারপত্র বিতরণ করা হয় অনুষ্ঠানে উপস্থিত দর্শক-শ্রোতার মাঝে। নারীপক্ষ'র সদস্য কামরুন নাহার এর ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে অনুষ্ঠান শেষ হয়।

**(ঘ) 'আন্তর্জাতিক নারী দিবস' ২০১৯ উদযাপন:**

২৪ ফাল্গুন ১৪২৫/৮ মার্চ ২০১৯ 'আন্তর্জাতিক নারী দিবস' উদ্যাপন উপলক্ষে নারীপক্ষ ঢাকায় এবং একইসাথে দেশের আরো ৫৮টি জেলা শহরে সহযোগী সংগঠন ও নারী সংগঠনসমূহের নেটওয়ার্ক 'দুর্বার' এর মাধ্যমে **"নারীর নাগরিক অধিকার"** প্রতিপাদ্য নিয়ে কর্মসূচি করে। ঐদিন নারীপক্ষ ঢাকায় দিনব্যাপী নারী চালিত স্কুটি, রিক্সা, সাইকেল ও সুসজ্জিত ট্রাক নিয়ে রোডশো, প্রচারপত্র বিতরণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠান, গান ও নাটক পরিবেশন করে। সকাল ৯:৩০ মিনিটে নারীপক্ষ কার্যালয়ের সামনে থেকে রোডশো শুরু হয়ে সকাল ১০টায় মানিক মিঞা এভিনিউতে গিয়ে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। সেখান থেকে রোডশো কালসী পর্যন্ত গিয়ে সেখানে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান করা হয় এবং রোডশোটি আশুলিয়ায় গিয়ে আরও একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে কর্মসূচি সমাপ্ত হয়। ঢাকার রোডশোতে নারী চালিত স্কুটি নিয়ে অংশগ্রহণ করে 'যাব বহুদূর' নামে একটি সংগঠন এবং বেসরকারী সংগঠন 'গণস্বাস্থ্য কেন্দ্র' নারী চালিত এ্যাম্বুলেন্সসহ এই কর্মসূচিতে অংশগ্রহণ করে। অনুষ্ঠানে গান পরিবেশন করেন বর্ণা চৌধুরী। নাটিকা প্রদর্শন করেন আফরোজা সুলতানা ও তার দল। "নারীর নাগরিক অধিকার" বিষয়ে নারীপক্ষ'র বক্তব্য ও দাবি সম্বলিত মোট দশ হাজার প্রচাপত্র ছাপানো এবং বিতরণ করা হয়। এ বছর দিবসটি উদ্যাপনে সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন রওশন আরা বেবী এবং তাকে সহযোগিতা করেন সাবিনা ইয়াছমিন। সাংস্কৃতিক অনুষ্ঠানের সমন্বয়ক ছিলেন নারীপক্ষ'র প্রচার সম্পাদক রেহানা সামদানী। অনুষ্ঠানগুলোতে স্থানীয় জনগণ, পোশাক শিল্প কারখানার শ্রমিকবৃন্দ এবং বিভিন্ন সংগঠনের প্রতিনিধিগণ

উপস্থিত ছিলেন। রওশন আরা জানান, দিবসটি উপলক্ষে 'সজাগ' সাথীদের নিয়ে দীপ্ত টিভিতে একটি টকশো হয়েছে, এতে নারীপক্ষ থেকে তিনি অংশগ্রহণ করেন।

## ২। দুই দিনব্যাপী নারীপক্ষ'র সম্মেলন:

**"ঊর্ধ্ব গগনে বাজে মাদল: নারীপক্ষ'র স্বপ্ন ও ৩৫ বছরের পথ চলা"** শিরোনামে ২৭-২৮ আশ্বিন ১৪২৫/১২-১৩ অক্টোবর ২০১৮ দুইদিনব্যাপী নারীপক্ষ'র অক্টোবর সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে নারীপক্ষ'র সদস্য ও কর্মী এবং সারা দেশের ৫৩টি জেলা থেকে আগত সহযোগী সংগঠনের প্রতিনিধি, দুর্বার নেটওয়ার্ক সদস্য, সহযোদ্ধা, বন্ধু ও শুভানুধ্যায়ীসহ প্রায় তিনশ' জন অংশগ্রহণ করেন। ২৭ আশ্বিন ১৪২৫/১২ অক্টোবর ২০১৮ সকালে বাংলা একাডেমির আব্দুল করিম সাহিত্যবিশারদ মিলনায়তনে মাদল বাজিয়ে সম্মেলনের সূচনা হয়। এরপর স্বাগত বক্তব্য দেন নারীপক্ষ'র সভানেত্রী অর্চনা বিশ্বাস। তিনি তার বক্তব্যে নারীপক্ষ'র জন্ম ইতিহাস, দর্শন, কর্মক্ষেত্র এবং সম্মেলনের উদ্দেশ্য সম্পর্কে বলেন। তিনি বলেন, ১৯৭৫ সনে বিশ্ব নারী সম্মেলনের ফলশ্রুতিতে উন্নয়ন সংস্থাগুলোতে নারী উন্নয়ন কর্মসূচী চালু হয়। ১৯৮৩ সনে সেই কর্মসূচীগুলোর ফলাফল পর্যালোচনা করার জন্য সমমনা কয়েকজন নারী একটি কর্মশালার কাজ হাতে নেয় এগফোর্ড নামে একটি সংস্থার সহযোগিতায়। এই সম্মেলনের অভিজ্ঞতার আলোকে নারীর ব্যক্তি জীবন গুরুত্বের সাথে উপলব্ধি করেই নারীপক্ষ'র যাত্রা শুরু। এযাত্রার সাথে বৈভ্রাজ নামে ধানমন্ডির ৫১ নম্বর বাড়িটির জাহেদা খানম, আমাদের প্রিয় খালাম্মার অবদান বিশেষভাবে স্মরণ করেন।

তিনি আরও বলেন, নারীপক্ষ'র দর্শন হলো: কোন প্রতিষ্ঠিত মতাদর্শ নিয়ে নয়, প্রতিটি নারীর জীবন, প্রতিদিনের বঞ্চনার প্রেক্ষাপটই নারীমুক্তি আন্দোলনে উপাত্ত। নারী তার দৈনিন্দন জীবনের দাবী, নিজের অবস্থান পর্যালোচনা করে মুক্তির কৌশল নির্ধারণ করবে এই ছিল নারীপক্ষ'র যাত্রার মূলমন্ত্র।

সভানেত্রী সম্মেলনের উদ্দেশ্য সম্পর্কে বলেন, সম্মেলনে নারীপক্ষ'র চিন্তা চেতনা সম্পর্কে মতবিনিময় হবে এবং আগামী করনীয় নির্ধারণ ও তা বাস্তবায়নে কৌশল নিধারন করা হবে। এর পরে সভানেত্রী নারীপক্ষ'র এই ৩৫ বছরে চলার পথে সহযোদ্ধদের মধ্যে প্রয়াত হওয়া সদস্যদের গভীর শ্রদ্ধা ও ভালোবাসার সাথে স্মরণ করেন, তাঁদর মধ্যে আছেন প্রয়াত সদস্য করুণা সমদ্দার, নাসরীন হক ও রোকেয়া বুলি।

এরপরে নারীপক্ষ'র অগ্রজ সদস্য শামসুন নেসাকে ফুলেল সংবর্ধনা জানানো হয়। এই পর্যায়ে শামসুন নেসা তাঁর অনুভূতি ব্যক্ত করতে গিয়ে বলেন, "আমি পাঁচ বছর বয়স থেকেই আমার পরিবারের মাধ্যমে নারী-পুরুষের মধ্যেকার বৈষম্যের শিকার হয়েছি এবং তখন থেকেই এর বিরুদ্ধে আমার প্রতিবাদ শুরু। প্রাপ্ত বয়সে আমার এই প্রতিবাদী মনোভাব ও কণ্ঠ নারীপক্ষ ধারণ করে। নারীপক্ষ আমার জীবকে গ্রহণযোগ্যতা দিয়েছে, নারীপক্ষ আমার শক্তি, আমার অনুপ্রেরণা।

সম্মেলনে সূচনা বক্তব্য দেন নারীপক্ষ'র প্রচার সম্পাদক রেহানা সামদানী। তিনি তার বক্তব্যে নারীপক্ষ'র জন্ম ইতিহাস ও বিভিন্ন সময়ে নানা আন্দোলনের পেক্ষাপট তুলে ধরেন। তিনি বলেন, মাত্র গুটিকতক ভিন্ন চিন্তা-চেতনার তরুণ নারীর মিলিত চেষ্টায় নারীপক্ষ যাত্রা শুরু করে। তারপর দীর্ঘ ৩৫ বছরে যুক্ত হয়েছে আরো অনেক নতুন মুখ, যারা আদর্শ, চিন্তা-চেতনায় তাদেরই মতো। এই ভিন্ন চিন্তা-চেতনাকে প্রসারিত করতে দীর্ঘ পথপরিক্রমায় নারীপক্ষ বিভিন্ন দাবিতে নানা কর্মসূচি নিয়েছে। নারীমুক্তির লক্ষ্যে তৈরি হয়েছে আমাদের অবস্থান ও দাবিসমূহ। নারীপক্ষ প্রতিষ্ঠালগ্ন ১৯৮৩ সাল থেকেই ঘরে-বাইরে নারীর উপর সহিংসতার বিরুদ্ধে সোচ্চার ছিলো।

রেহানা সামদানী আরও বলেন, জীবনের প্রতিটি ক্ষেত্রে, ঘরে বাইরে, সমাজে, কর্মস্থলে, রাষ্ট্রীয় জীবনে নারীকে যুদ্ধ করে টিকে থাকতে হয়। এই যুদ্ধ বা আন্দোলন কেবল ব্যক্তি নারীর নয়, নারীমুক্তির জন্য, নারীপুরষের মধ্যে সমতা আনার জন্য, নারীর অধিকার প্রতিষ্ঠা করার জন্য। নারীপক্ষ যৌন কর্মীদের অধিকার আদায়ে সর্বদা তাদের পাশে থেকেছে। তাদের যৌনকর্ম শ্রম হিসেবে বিবেচনা করে 'পতিতা' শব্দটি ব্যবহার না করে 'যৌনকর্মী' সম্মোধন করে। নারীপক্ষ'র অভিমত নারীর উপর সহিংসতার মূল কারণ আইন শৃঙ্খলা পরিস্থিতির মধ্যেই নিহিত নয় বরং নারী-পুরুষের মধ্যে বিরাজমান অসমতা ও ক্ষমতার দ্বন্দ্বই এর কারণ । রাষ্ট্রধর্ম বিষয়ে নারীপক্ষ'র অবস্থান হলো, ধর্ম ব্যক্তিগত বিশ্বাস, রাষ্ট্রের কোন ধর্ম থাকবে না। কোন বিশেষ ধর্মের প্রতি আনুগত্য দেখাবে না, পৃষ্ঠপোষকতা করবে না।

তিনি আরও বলেন, নারীপক্ষ মৃত্যু দন্ডের বিরুদ্ধে, কারণ "জীবনের অধিকার" একটি মৌলিক অধিকার। মৃত্যুদন্ড দ্বারা অপরাধ দমন হয়না। আজ পর্যন্ত নারীহত্যায় বহু মৃত্যুদন্ড কার্যকর হয়েছে কিন্তু নারী হত্যা বন্ধ করতে পারেনি। সাহিত্যে সমাজে, সাংস্কৃতিতে মানুষ নারীর চেয়ে নারীর শরীরই মুখ্য হয়ে যায়। তাই নারীপক্ষ দাবি করে, শরীর যেহেতু নারীর তাই নারীর স্বাস্থ্য, যৌন অধিকার, সন্তান নেয়া না নেয়া, গর্ভধারণ, গর্ভপাত এসব হতে হবে নারীর মত ও সিদ্ধান্তের উপর; পরিবার, সমাজ বা রাষ্ট্রের নয়। যৌনসম্পর্কের ক্ষেত্রে পূরুষের ইচ্ছা অনিচ্ছাই প্রাধান্য পায়, নারীপক্ষ মনে করে এটা ঠিক নয়। নারীপক্ষ পুনর্ব্যক্ত করছে, ধর্ষণের শিকার নারীর ইজ্জত, সম্ভ্রম শরীরেই নিহিত নয়। নির্যাতন তা যাই হোক, তা একটি শারীরিক ও মানসিক আঘাত।

নারী মুক্তির সংগ্রাম বহুমুখী। এ লড়াই রাজনৈতিক, এ লড়াই আইনগত অধিকার অর্জনের, সাংস্কৃতিক মর্যাদা অর্জনের, অর্থনৈতিক সম্পদ আদায়ের। নারীকে ঘরে বন্দী করে রাখার যে রাজনীতি ও ইতিহাস তার বিরুদ্ধে নারীর সংগ্রাম।

**এরপর অনুষ্ঠিত হয় মূল কর্ম অধিবেশন। অধিবেশনের বিষয় সমূহ:**

- নারীর অবস্থা ও অবস্থান বিষয়ে সমান্তরাল অধিবেশন

- নারীর যৌনতা ও অধিকার বোধ- এই বিষয়ে পাঁচটি সমন্তরাল অধিবেশন হয়।
- মানবিক রাষ্ট্রের পথে - এই বিষয়ে দুইটি সমান্তরাল অধিবেশন হয়।

সবশেষে, সন্ধ্যায় সাধনা গবেষণা ও সাংস্কৃতিক কেন্দ্র এর পরিবেশনায় অনুষ্ঠিত হয় রবীন্দ্রনাথ ঠাকুরের চিত্রাঙ্গদা অবলম্বনে "নহি দেবী নহি সামান্যা নারী" নৃত্যনাট্য।

**সম্মেলনের দ্বিতীয় দিন ২৮ আশ্বিন ১৪২৫/১৩ অক্টোবর ২০১৮** সকালে "বন্ধনহীন জন্ম স্বাধীন চিত্তমুক্ত শতদল"- 'নারীমুক্তি আন্দোলন ও নারীপক্ষ'র ভাবনা' বিষয়ক আলোচনা নিয়ে দিনের প্রথম অধিবেশন। অধিবেশনটি শুরু হয় "মোরা ঝঞ্ঝার মতো ইদ্যাম...." গানটি পরিবেশনের মধ্য দিয়ে। পর্বটি সঞ্চালনা করেন নারীপক্ষ'র রীনা রায়। তিনি বলেন, নারীপক্ষ নিজে একটি চিত্তমুক্ত শতদল এবং নারীপক্ষ'র চেন্তা-চেতনাকে ধারণ করে সারা বাংলাদেশের অন্যান্য জায়গায় যারা কাজ করছে তারাও এক একটি মুক্ত শতদল। এই পর্বে মূল আলোচক ছিলেন, ফিরদৌস আজীম ও শিরীন হক এবং মাহবুবা মাহমুদ লীনা।

বিশ্বব্যাপী নারী আন্দোলন, মানবতার আন্দোলন ও স্বাধীনতার আন্দোলনে নারীরা কিভাবে যুক্ত হয়েছিল সে বিষয়ে আলোচনা করেন ফিরদৌস আজীম। নারীপক্ষ'র চিন্তাভাবনা ও বিভিন্ন আন্দোলন সম্পর্কে আলোচনা করেন শিরীন হক। নারীপক্ষ'র চিন্তাভাবনা ও আন্দোলনকে সারা দেশব্যাপী ছড়িয়ে দিতে কিভাবে 'দুর্বার নেটওয়ার্ক'সহ বিভিন্ন জোট/মঞ্চ/মোর্চা গঠন করা হয় সে সম্পর্কে আলোচনা করেন মাহবুবা মাহমুদ লীনা।

ফিরদৌস আজীম তার আলোচনায় ফরাসি বিপ্লব থেকে শুরু করে বাংলাদেশের মুক্তিযুদ্ধে নারীদের অংশগ্রহণের ইতহাস তুলে ধরে বলেন, ফরাসি বিপ্লব বিশ্বব্যাপী একটি প্রেরণা যুগিয়েছিল মানুষকে মানুষ হিসেবে দেখার। এই বিপ্লবে নারীদের অংশগ্রহণ ও ভূমিকা ছিল খুবই চোখে পড়ার মতো কিন্তু বিপ্লব সংঘটিত হওয়ার পরে দেখা গেল, অন্যান্য ক্ষেত্রে বেশকিছু ইতিবাচক পরিবর্তন এলেও দুঃখজনকভাবে নারীর মুক্তির বিষয়টি সেখানে উপেক্ষিত থেকে গেল। রুশ বিপ্লবের সময়ও নারীমুক্তির অনেকগুলো বিষয় যুক্ত ছিল, নারীদের ব্যাপক অংশগ্রহন ছিল কিন্তু শোভিয়েত রাষ্ট্রটি গঠনের পরে নারীদের অনেক সুযোগ-সুবিধা দেওয়া হলেও ব্যক্তি হিসেবে নারীর প্রকৃত মুক্তি ঘটল না। বৃটিশ শাসনামলে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রাজা রামমোহন রায়সহ অনেকে নারীদের নিয়ে ভেবেছেন, কাজ করেছেন। নারীর পক্ষে দুই একটি আইনও হয়েছে কিন্তু বৃটিশবিরোধী আন্দোলন যারা করেছেন তারাও নারীর মুক্তির ভাবনাটি সীমাবদ্ধ রেখেছেন ভদ্র ও শিক্ষিত নারীদের মধ্যে। পরবর্তী সময়ে বেগম রোকেয়াকে আমরা পেয়েছি নারীমুক্তির পথিকৃৎ হিসেবে। যদিও তিনি আমাদের এমন অনেককিছু শিখিয়েছেন যা সমাজে ছিল না কিন্তু সমস্ত তিনিও প্রথা ভাঙতে পারেননি।

ফিরদৌস আজীম আরও বলেন, ৭১ এর মুক্তিযুদ্ধের প্রাক্কালে আমাদের নারীজাগরণ খুব উল্লেখযোগ্য ছিল। নারীদের অংশগ্রহণ ছিল দৃষ্টি আকর্ষণ করার মতো কিন্তু স্বাধীনতা পরবর্তীতে আমরা কেবল 'বীরাঙ্গনা' উপাধিটিই পেয়েছি, এই উপাধির সম্মান, মর্যাদা, আশ্রয় কোনটিই পাইনি, বরং তাঁদের ভাগ্যে জুটেছে চরম অসম্মান ও লাঞ্ছনা-বঞ্চনা। আমরা ভৌগোলিক স্বাধীনতা পেয়েছি কিন্তু নারীর মুক্তি আসেনি। অর্থাৎ, বিভিন্ন বিপ্লব ও স্বাধীনতা যুদ্ধের সীমাবদ্ধতা থেকে আমরা এই শিক্ষণীয় দিকগুলো পেয়েছি যে, এখানেও প্রতীয়মান হয়, নারীমুক্তির বিষয়টি আলাদা করে ভাবার দরকার আছে।

শিরীন হক তার আলোচনায় বলেন, নারীর নিজের জীবনের ঘটনা, লাঞ্ছনা-গঞ্জনা, বঞ্চনা, অত্যচার-নির্যাতন, নিপীড়নের কথা নিজেই নিজের মতো করে বলার জায়গা ও সুযোগ পাবে, প্রতিবাদ, প্রতিরোধ গড়তে নেতৃত্ব দিবে, অভিভাবকনির্ভর আন্দোলন করবে না- এই চিন্তা থেকে নারীপক্ষ'র সৃষ্টি এবং ধারাবাহিক আন্দোলন ও সংগ্রাম। নারীপক্ষ কেবলমাত্র নারীর বিষয়েই নয়, অনেক জাতীয় ইস্যুতেও উল্লেখযোগ্য আন্দোলন-সংগ্রাম করেছে, যেমনঃ রাষ্ট্রধর্ম ঘোষণার বিরুদ্ধে আন্দোলন ও আদালতে মামলা করা, মৃত্যুদন্ডের বিরুদ্ধে অবস্থান নেওয়া, ইত্যাদি। নারীপক্ষ সরকারের নীতি নির্ধারণে ভূমিকা রেখেছে, আইন প্রণয়ন ও বস্তবায়নকে প্রভাবিত করেছে। যদিও এই পথে অনেক বাধা-বিপত্তি এসেছে, এমনকি 'নারীপক্ষ' নামটি নিয়েও অনেক তিরস্কার শুনতে হয়েছে কিন্তু কোনকিছুই অ্মাদের থামাতে পারেনি, দমাতে পারেনি।

শিরীন হক আরো বলেন, শুরুতেই আমরা ঠিক করে নিয়েছিলাম যে, নারীপক্ষ একটি স্বতন্ত্র নারীসংগঠন হিসেবে দাঁড়াবে। নারীপক্ষ কোন রাজনৈতিক দলের অংশ হবে না কিন্তু রাজনীতির প্রশ্নে অবস্থান থাকবে, রাজনীতি সচেতন হবে।
মাহবুবা মাহমুদ লীনা বলেন, নারীপক্ষ'র চিন্তাভাবনা ও আন্দোলনকে সারা দেশব্যাপী ছড়িয়ে দিতে ১৯৯৫ সালে জয়দেবপুরে ৬৪ জেলা থেকে আগত স্থানীয় নারীনেত্রীদের নিয়ে অনুষ্ঠিত একটি সম্মেলনের মধ্য দিয়ে নারীপক্ষ'র নেতৃত্বে গঠিত হয় 'দুর্বার নেটওয়ার্ক'। এই নেটওয়ার্ক মূলত নারীর উপর সহিংসতা এবং নারীর রাজনৈতিক ক্ষমতায়ন- এই দুইটি বিষয়ে নিরলস কাজ করে যাচ্ছে। এখন এমন একটি সময় যখন নারীর নেতৃত্ব বিকাশের বিষয়গুলো খুব বিবেচনার সাথে নিতে হবে। নেতা বদলাবে কিন্তু নেতৃত্ব বদলাবে না- এই নীতিতে আগামীদিনের এজেন্ডা তৈরি করতে হবে। এজেন্ডার উপাত্ত আসবে নিজ জীবন থেকে কিন্তু এজেন্ডা তৈরি করতে হবে প্রক্রিয়ার মধ্য দিয়ে। আগত নতুন নতুন মুখগুলোকে নেতা হিসেবে তৈরি করতে হবে, তাদেরকে নেতৃত্ব দেওয়ার জন্য জায়গা করে দিতে হবে।

মাহবুবা মাহমুদ তার নিজের লেখা একটি কবিতার দুটি লাইন দিয়ে শেষ করেন,
"ডাক শোন যুদ্ধের মানবের মুক্তির,
বিপ্লব এবারের বেঁচে থাকা যুক্তির।"

দিনের দ্বিতীয় অধিবেশনে 'সহিংসতামুক্ত নারীর জীবন' বিষয়ে একইসাথে ৫টি সমান্তরাল অধিবেশন হয়, এই অধিবেশনগুলোর আলোচনা থেকে যে প্রধান বিষয়টি উঠে আসে তা হলো, যুব সমাজকে সহিংসতা প্রতিরোধে যুক্ত করতে বৈবাহিক সম্পর্কে যৌননির্যাতনকে স্বীকৃতি দিতে হবে। সহিংসতা নির্মূলে রাষ্ট্রের দায়িত্ব এড়িয়ে যাবার প্রবণতা রোধ করতে হবে, যেমন: কখনো পুন:র্বাসনের নামে পরিবারের কণ্ঠ রোধ করা, যাতে করে বিচার প্রক্রিয়া সেখানে থেমে যায়।

পরবর্তী অধিবেশনে নারীর শরীর ও স্বাস্থ্য বিষয়ে একইসাথে চারটি সমান্তরাল অধিবেশন হয়। এই অধিবেশনগুলোর আলোচনা থেকে যে প্রধান বিষয়টি উঠে আসে তাহলো, নারীর জীবনে যৌনতা ও অধিকার সম্পর্কে নারী সংগঠনের সাথে খোলামেলা আলোচনার সুযোগ তৈরী করতে হবে। যৌন সহিংসতার বিরুদ্ধে সম্মিলিত আওয়াজ তুলার সময় এখনই। এই আন্দোলনে সকল জনগোষ্ঠীর অংশগ্রহণ হতে হবে। যেমন: পাহাড়ের নারী, সমতলের নারী, ভিন্ন মতাদর্শের নারী, ভিন্ন যৌন পরিচয়ের নারী।
সম্মেলনের সমাপ্তী পর্বে উপরোক্ত অধিবেশন সমূহের আলোচনার সারসংক্ষেপ তুলে ধরা হয়। এই আলোচনা থেকে একটি দাবী উঠে আসে যে, নারীর জন্য অধিকার ভিত্তিক মানসম্মত ও অবিরাম স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে হবে।

সবশেষে সম্মেলন আয়োজনের সমন্বয়ক রীতা দাশ রায় এবং ব্যবস্থাপনা সমন্বয়ক নাজমা বেগম সকলকে ধন্যবাদ জানিয়ে সম্মেলনের সমাপ্তি ঘোষণা করেন।

**৩। গার্হস্থ্য অর্থনীতি কলেজের ছাত্রীদের সাথে আলোচনা সভা:**
গার্হস্থ্য অর্থনীতি কলেজের ৭০ জন ছাত্রীর সাথে ২দিন ব্যাপী (১১ ও ১২ ডিসেম্বর ২০১৮) আলোচনা সভা করা হয়। প্রথমে তাদেরকে নারীপক্ষ'র কার্যক্রম সম্পর্কে অবগিত করা হয়। সভায় নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন, নারীর উপর সহিংসতা প্রতিরোধে নীতিনির্ধারণী পর্যায়ে নারীর ভূমিকা, নারীর স্বাস্থ্যসেবা উন্নয়নে সরকার কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহণে নারীপক্ষ'র এডভোকেসি ও দেনদরবার করা, ইত্যাদি বিষয়গুলো সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। নারীপক্ষ যে যেকোন পেশা, ধর্মবিশ্বাস, শ্রেণীর নারীর কথা বলার জায়গা এই বিষয়েটি সম্পর্কে ধারণা দেয়া হয়। নারী আন্দোলনে নারীপক্ষ'র ভূমিকাও তুলে ধরা হয়।

**৪। নাসরীন হক এর ১৩ তম মৃত্যু বার্ষিকী পালন:**
১১ বৈশাখ ১৪২৬/২৪ এপ্রিল ২০১৯ সন্ধ্যা ৭.১৫ মিনিটে ছায়াটন মিলনায়তনে নারী আন্দোলন ও মানবাধিকার কর্মী নাসরীন হক এর ১৩তম মৃত্যু বার্ষিকী উপলক্ষে "সুদিনের প্রত্যাশায়, তোমাকে" শিরোনামে অনুষ্ঠান করা হয়। অনুষ্ঠানে নাসরীন হক সম্পর্কে পাঠ করেন নারীপক্ষ'র সদস্য রেহানা সামদানী। 'তুমি কি কেবলই ছবি' এবং 'ঐ মহাসিন্ধুর ওপাড় থেকে' গান পরিবেশন করেন জাকির হোসেন তপন। 'ভাল আছি ভাল থেকো' এবং 'সেদিন আর কত দুরে' গান পরিবেশন করেন বর্ণা চৌধুরী। সুলতানার স্বপ্ন নাট্যাংশে অভিনয় করেন লুসী তৃপ্তি গোজেম ও কোহিনুর আখন্দ। 'আমি মারের সাগর পাড়ি দেব' গান পরিবেশন করেন সেজুঁতি বড়ুয়া, এরপর 'অসময়ে চলে যাওয়া' কবিতা আবৃত্তি করেন নারীপক্ষ'র সদস্য নাজমুন নাহার। ঢাকা বিশ্ববিদ্যালয়ের দৃষ্টিপ্রতিবন্ধি শিক্ষার্থী তৃষ্ণা, লিপি, রিয়াদ ও পাভেল অভিনয় করেন 'আমিও বিশেষ যোগ্য' নাট্যাংশে। তসলিমা নাসরীন এর কবিতা '১৫০০ সাল' আবৃত্তি করেন ইকবাল হোসেন। রবীন্দ্র নাথ ঠাকুরের চিত্রাঙ্গদা থেকে 'নহি দেবী নহি সামান্যা নারী' অংশবিশেষ নাচ পরিবেশন করেন অর্ণ কমলিকা এবং নাচের সাথে গান পরিবেশন করেন সেজুতি বড়ুয়া। সবশেষে নাসরীন হক মামলার বর্তমান অবস্থা ও ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠান শেষ করেন নারীপক্ষ'র সদস্য কামরুন নাহার।

**৫। রোকেয়া বুলি শিক্ষা বৃত্তি:**
রোকেয়া বুলি শিক্ষা বৃত্তির আওতায় ফাইমা আক্তার ও আম্বিয়া খাতুনকে বৃত্তি প্রদান অব্যাহত আছে। বর্তমানে ফাইমা রসায়নে স্নাতকোত্তরে পড়াশুনা করছে, পাশাপাশি শিক্ষক হবার জন্য নিবন্ধন পরীক্ষার প্রস্তুতি নিচ্ছে। আম্বিয়া খাতুন সিরাজগঞ্জের শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজের পঞ্চম বর্ষে উত্তির্ণ হয়েছে।

**৬। অবস্থান কর্মসূচি:**

- **গণস্বাস্থ্য কেন্দ্রে হামলা, ভাঙচুর, লুট ও নারী শিক্ষার্থীদের লাঞ্ছনাকারীদের বিচার দাবিতে মানববন্ধন:** গত ১১ কার্তিক ১৪২৫/২৬ অক্টোবর ২০১৮ সাভারের আশুলিয়ায় মির্জানগর এলাকায় একদল বহিরাগত বেসরকারি সংস্থা 'গণস্বাস্থ্য কেন্দ্র' এর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র পিএইচএ ভবনে ভাঙচুর ও লুটপাটের পর গণস্বাস্থ্য কেন্দ্রস্থ গণ বিশ্ববিদ্যালয়ের ৩টি ছাত্রী হোস্টেলে এবং সংস্থাটির কর্মকর্তা-কর্মচারীদের বাসভবনে হামলা ও ভাঙচুর করে। এর প্রতিবাদ একটি প্রতিবাদ বিবৃতি পাঠানো হয়েছে এবং গত ১৫ কার্তিক ১৪২৫/৩০ অক্টোবর ২০১৮ নারীপক্ষ কার্যালয়ের সমানে মানবন্ধন করা হয়। মানব বন্ধনে "গণস্বাস্থ্য কেন্দ্রে হামলা, ভাঙচুর, লুট ও নারী শিক্ষার্থীদের লাঞ্ছনাকারীদের বিচার চাই, সব ধরনের দুর্বৃত্তায়ন ও জোরজবরদস্তি বন্ধে অবিলম্বে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে" শিরোনামে একটি প্রচারপত্র বিতরন করা হয়।

- **দেশব্যাপী ক্রমবর্ধমান নারী ও শিশু ধর্ষণ ঘটনার প্রতিবাদে ধারাবহিক কর্মসূচি এবং ও প্রোকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবরার হত্যার প্রতিবাদে অবস্থান কর্মসূচী পালন:** "যৌন আক্রমণ আর না!!! ধর্ষণ ও যৌন নির্যাতনসহ সকল সহিংসতার বিরুদ্ধে আমরা" এই প্রতিপাদ্য নিয়ে গত ১৯ ভাদ্র ১৪২৬/৩ সেপ্টেম্বর ২০১৯ নারী ও শিশু ধর্ষণের ক্রমবর্ধমান ঘটনার প্রতিবাদে কর্মসূচির মাধ্যমে দেশব্যাপী নারীর সুরক্ষা অভিযানের সূচনা করা হয়। এরেই ধারাবাহিকতায় নারীপক্ষ গত ২ আশ্বিন ১৪২৬/১৭ সেপ্টেম্বর ২০১৯, ১৫ আশ্বিন ১৪২৬/৩০ সেপ্টেম্বর ২০১৯ এবং ২৮

আশ্বিন ১৪২৬/১৩ অক্টোবর ২০১৯ প্রতিবাদ অবস্থান কর্মসূচি করে। নারীপক্ষ দেশের এই অরাজক পরিস্থিতি মোকাবেলায় প্রত্যেককে নিজ নিজ অবস্থান থেকে স্বোচ্চার ও সক্রিয় হওয়ার আহবান জানায়। কর্মসূচিতে প্রচারপত্র বিতরণ, শ্লোগান দেয়া ও গান পরিবেশন করা হয়। উল্লেখ্য, এভাবে লাগাতার কর্মসূচির মাধ্যমে আগামী ২৫ নভেম্বর ২০১৯ 'নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস' এ দেশব্যাপী ঝড় তোলার পরিকল্পনা রয়েছে। সেই লক্ষ্যে নারীপক্ষ ও স্থানীয় সহযোগী সংগঠন এবং সমমনা সংগঠনের মাধ্যমে ৬৪টি জেলায় তিনমাসব্যাপী প্রতি ১৫দিন পর পর ঢাকা শহরসহ বিভিন্ন স্থানে এই ধরনের প্রতিবাদ অবস্থান কর্মসূচি চলছে।

❖ **নুসরাত হত্যা ও নারীর উপর সহিংসতার বিরুদ্ধে প্রতিবাদ কর্মসূচি পালন:** নুসরাত হত্যা ও নারীর উপর সহিংসতার প্রতিবাদ কর্মসূচি হিসেবে ৩ বৈশাখ ১৪২৬/১৬ এপ্রিল ২০১৯ মঙ্গলবার ৪.৩০মি: থেকে ৫.৩০মি: পর্যন্ত নারীপক্ষ কার্যালয়ের (ধানমন্ডি ৫/এ, সাতমসজিদ রোড) সামনে এবং একইসাথে ঢাকার বাইরে দেশের বিভিন্ন জেলায় 'দুর্বার' নেটওয়ার্ক ও সহযোগী সংগঠন এর মাধ্যমে মানববন্ধন করা হয়। উল্লেখ্য, শরীরের প্রায় ৮৫ ভাগ পুড়ে যাওয়া ফেনীর সোনাগাজী ইসলামিয়া ফাজিল মাদ্রাসার ছাত্রী নুসরাত জাহান রাফি চারদিন জীবন-মরণ যুদ্ধ করে গত ১০ এপ্রিল ২০১৯ মারা যায়। এই মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে তার উপর হওয়া যৌন নিপীড়নের মামলা প্রত্যাহার করতে রাজি না হওয়ায় অধ্যক্ষের অনুসারীরা ৬ এপ্রিল ২০১৯ ছাত্রীটির গায়ে দাহ্য পদার্থ ঢেলে আগুন দিয়ে পুড়িয়ে দেয়।

**কর্মসূচিতে নিম্নলিখিত দাবিগুলো জানানো হয়:**

- অনতিবিলম্বে নুসরাত হত্যার নিরপেক্ষ তদন্ত, অভিযুক্ত প্রত্যেককে আইনের আওতায় এনে দ্রুত বিচারের সম্মুখীন এবং এর ফলাফল জনসমক্ষে প্রকাশ করা
- সোনাগাজী থানার তৎকালীন ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মোয়াজ্জেম হোসেনকেও আইনের আওতায় এনে বিচারের সম্মুখীন করা
- উচ্চ আদালতের নির্দেশনা অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনতিবিলম্বে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন এবং মহাপরিচালকের দপ্তর ও জেলা, উপজেলা শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে তার কার্যক্রম নিয়মিত কার্যকর পরিবীক্ষণ চালু করা
- কেবল অপরাধীর বিচার নয়, ক্ষতিগ্রস্থ নারীর মানসিক, সামাজিক, অর্থনৈতিক এবং শারীরিক ক্ষতিপূরণ বিষয়টি বিবেচনায় নিয়ে যৌন আক্রমন, হয়রানি, ধর্ষণসহ নারীর উপর সহিংসতা প্রতিরোধ সংক্রান্ত সকল আইন ও বিধান সংশোধন করা
- শিক্ষাপ্রতিষ্ঠানে অবস্থানকালে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা, কর্মচারীসহ সংশ্লিষ্ট প্রত্যেকের মুখমন্ডল সম্পূর্ণরূপে অনাবৃত রাখার বিধান চালু করা
- নারীকে মানুষ ভাবতে, মানুষ হিসেবে চিনতে এবং তার প্রতি সম্মানজনক আচরণ করতে সমাজমানসের স্থায়ী পরিবর্তন ঘটাতে সচেতনতা সৃষ্টির জন্য দীর্ঘ মেয়াদী কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং সকল ধরনের প্রচারমাধ্যমে সার্বক্ষণিক প্রচার-প্রচারণা চালু রাখা।

**৭। নারীপক্ষ'র স্টল:**

- ৩০ সেপ্টেম্বর ২০১৯ RIB আয়োজিত শিল্পকলা একাডেমিতে RTI Workshop and information fair এ নারীপক্ষ'র স্টলে বিভিন্ন ধরনের প্রচারপত্র, আন্তর্জাতিক নারী দিবস এর প্রচারপত্র ও পোষ্টার বিতরণ করা হয়।
- ৫-৬ এপ্রিল ২০১৯ বাংলা একাডেমিতে বৃটিশ কাউন্সিল আয়োজিত 'লিগ্যাল এইড স্টল' এ নারীপক্ষ'র বিভিন্ন ধরনের প্রচারপত্র ও পোষ্টার বিতরণ করা হয়।
- ২৮ এপ্রিল ২০১৯ জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে বরীন্দ্র সরেবরে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় আয়োজিত "লিগ্যাল এইড মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান" এ নারীপক্ষ ও স্টুডেন্ট লিগ্যাল এইড ফোরাম যৌথভাবে অংশগ্রহণ করে স্টলে বিভিন্ন ধরনের প্রচারপত্র ও পোষ্টার বিতরণ করে।
- ৮-১৪ মার্চ ২০১৯ **১০ম বাংলাদেশ ও সানসো স্কাউট জাম্বুরী, "সাসটেইনেবল ডেভেলপমেন্ট ভিলেজ"** মৌচাক স্কাউট স্কুল এন্ড কলেজ, গাজীপুরে অনুষ্ঠিত হয়। এতে নারীপক্ষ'র স্টলে বিভিন্ন ধরনের প্রচারপত্র, আন্তর্জাতিক নারী দিবস এর প্রচারপত্র ও পোষ্টার বিতরণ করা হয়।

**৮। নারীপক্ষ'র বিভিন্ন কর্মশালা/বৈঠক:**

(ক) মাসিক বৈঠক: মাসের প্রথম মঙ্গলবার নারীপক্ষ'র মাসিক বৈঠক অনুষ্ঠিত হয়ে থাকে; সেই অনুযায়ী প্রতিবেদনকালে (০১ সেপ্টেম্বর ২০১৮ - ৩০ সেপ্টেম্বর ২০১৯) ১৩টি মাসিক বৈঠক হওয়ার কথা থাকলেও ১১টি মাসিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ০৪ জুন ২০১৯ মঙ্গলবার ঈদুল ফিতর এর এর আগের দিন সরকারী ছুটি থাকায় জুন মাসের মাসিক বৈঠক হয়নি।

(খ) সাপ্তাহিক বৈঠক: মাসের প্রথম মঙ্গলবার বাদে প্রতি মঙ্গলবার সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয়ে থাকে, সাপ্তাহিক বৈঠকের প্রতিবেদন খাতার তথ্য অনুযায়ী ৩৮টি সভা অনুষ্ঠিত হয়েছে। ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ও ১৩ আগস্ট ২০১৯

ঈদুল আজহার পরের দিন ১০ সেপ্টেম্বর ২০১৯ আশুরা এসব মঙ্গলবার সরকারী ছুটি থাকায় উক্ত মঙ্গলবারগুরোতে সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয়নি।

(গ) নির্বাহী পরিষদ বৈঠক: **প্রতিবেদন কালে মোট ৪টি (১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮, ৪ ফাল্গুন ১৪২৫/১৬** ফেব্রুয়ারি ২০১৯, ২৮ বৈশাখ ১৪২৬/১১ মে ২০১৯ এবং ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯) বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ এবং এর বাস্তবায়ন অবস্থা নিম্নরূপ:

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| যেহীন আহমেদ এর মৃত্যুতে শোক প্রস্তাব গ্রহণ এবং শোক জানিয়ে চিঠি দেওয়া | ১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮ | এফআইভিডিবি এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক যেহীন আহমেদ এর মৃত্যুতে শোক জানিয়ে একটি চিঠি দেওয়া হবে। | ৬ নভেম্বর ২০১৮ বজলে মুস্তাফা রাজী এ্যাসোসিয়েট পরিচালক, এফআইভিডিবি বরাবর চিঠি দেয়া হয়েছে। |
| নারীপক্ষ পরিচালিত স্বল্পকালীন কার্যক্রম/কর্মসূচি সম্পর্কে উপস্থাপনা দেওয়া | ১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮ | "নারীর স্বাস্থ্য ও প্রজনন অধিকার" এর আওতায় গত দুই বছরে স্বল্পকালীন যেসকল ছোট ছোট প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে সেগুলো থেকে আন্দোলনের ইস্যু খুঁজে বের করা এবং কবে, কখন, কিভাবে সেগুলো নিয়ে কাজ করা যাবে সে বিষয়ে ডিসেম্বর ২০১৮ এর দ্বিতীয় সপ্তাহে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠকে উপস্থাপনা দেওয়া হবে। এর আগে ইউ এম হাবিবুন নেসা, মাহীন সুলতান ও সংশ্লিষ্ট অন্যান্যদের নিয়ে উপস্থাপনাটিকে উন্নত করে মঙ্গলবারের সভায় দেওয়া হবে। | কাজটি শেষপর্যন্ত আর করা হয়নি, তবে নারীপক্ষ'র বার্ষিক কর্মপরিকল্পনা এবং 'অক্টোবর সম্মেলন' ২০১৮ এ অন্তর্ভুক্ত হয়েছে। (উল্লেখ্য, প্রথমে কাজটির দায়িত্বে ছিলেন সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচি'র পরিচালক ও সমন্বয়কারীগণ (সামিয়া আফরীন, রওশন আরা, কামরুন নাহার, মাহীন সুলতান, ইউ এম হাবিবুন নেসা) কিন্তু কাজে অগ্রগতি না হওয়ায় নির্বাহী পরিষদের ২৪/০৩/১৮ বৈঠকে সামিয়া আফরীনকে সমন্বয়কের দায়িত্ব দেওয়া হয়। এরপরেও কোন অগ্রগতি হয়নি এবং ১৬/০২/১৯ বৈঠকে তিনি জানান, এখন আর এ কাজটি করার দরকারও নেই, কারণ নারীপক্ষ'র বার্ষিক কর্মপরিকল্পনা এবং 'অক্টোবর সম্মেলন' ২০১৮ এ এগুলো অন্তর্ভুক্ত হয়েছে।) |
| নারীপক্ষ থেকে দেওয়া চিঠির ফলো-আপ করা | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | নারীর উপর নির্যাতন, সহিংসতা, ধর্ষণ, ইত্যাদি ঘটনায় সংশ্লিষ্ট এলাকার সংসদ সদস্যকে চিঠি দেওয়া অব্যাহত রাখা হবে কি না সে বিষয়টির মীমাংসার জন্য যেকোন একটি মঙ্গলবারের সভায় আলোচনা করে সিদ্ধান্তের জন্য কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠকে নেওয়া হবে, কারণ একদিকে এই চিঠি দেওয়া মানে এবারের জাতীয় সংসদ নির্বাচনে ব্যাপক কারচুপি, অনিয়ম, দুর্নীতির মাধ্যমে নির্বাচিত সংসদ সদস্যদের স্বীকৃতি দেওয়া; অপরদিকে তাদেরকে চিঠি না দেওয়া মানে তাদের কাছ থেকে বা সরকার থেকে বিচ্ছিন্ন থাকা, যা বাস্তবসম্মত কি না তা ভাবনার বিষয়। | মঙ্গলবারের সভায় আলোচনা হয়েছে। চিঠি দেয়া অব্যাহত আছে। কাজটি এখন 'নারীর অধিকার ও নিরাপত্তা নিশ্চিতকরণ' প্রকল্পের মাধ্যমে করা হচ্ছে। |
| নারীপক্ষ'র সভা/বৈঠকসমূহে সদস্যদের অনলাইন অংশগ্রহণ | **১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮** | সদস্যদের অংশগ্রহণ বাড়ানোর উদ্দেশ্যে নারীপক্ষ'র আগামী নির্বাহী পরিষদ বৈঠক এবং সাধারণ সভাটি Live stream করার ব্যবস্থা করা হবে। যেসকল সদস্য সভা/বৈঠকে উপস্থিত থাকতে পারবেন না তারা আগেভাগে প্রশাসনকে জানিয়ে Live stream- এ এই সভায় অংশগ্রহণের সুযোগ | সিদ্ধান্তটি বাস্তবায়ন হয়েছে, সদস্য গীতা দাস ও সাদাফ সায-সিদ্দিক Live stream এ সভায় অংশগ্রহণ করেছেন। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | | নিতে পারবেন। | |
| নারীপক্ষ'র সদস্য-কর্মীদের 'নারীস্বাস্থ্য' নিয়মিত পরীক্ষা করা বিষয়ক কার্যক্রম | ১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮<br>................<br>২৮ বৈশাখ ১৪২৬/১১ মে ২০১৯ | নারীপক্ষ'র সদস্য, কর্মীদের 'নারীস্বাস্থ্য' যেমন: স্তন ক্যান্সার/সিস্ট, ভায়া পরীক্ষা, ইত্যাদি নিয়মিত পরীক্ষা করা বা ফলো-আপে রাখতে একটি আলোচনা ও হাতেকলমে পরীক্ষা করার আয়োজন করা হবে আগামী কর্মী বৈঠক ও দ্বি-বার্ষিক সাধারণ সভায়। এছাড়া, ঢাকায় কোন কোন হাসপাতালে কখন, কিভাবে এই পরীক্ষাগুলো করানো যায় সে বিষয়ক তথ্য বড় হরফে টাইপ করে বোর্ডে লাগিয়ে দেওয়া হবে।<br>.......................................................<br>বেসরকারী স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান 'হেলথ্ এ্যান্ড হোপ' নারীপক্ষ কার্যালয়ে এসে এই আলোচনা ও পরীক্ষা-নিরীক্ষাগুলো করিয়ে দেওয়ার যে প্রস্তাব দিয়েছে সে বিষয়ে তাদের সাথে যোগাযোগ করে কোন এক শনিবারে তারিখ নির্ধারণ করে কাজটি করা হবে। | কর্মী বৈঠকের আলোচনাটি হয়নি, তবে পরীক্ষাগুলো করানো বিষয়ক তথ্য বোর্ডে লাগানো আছে।<br>..............................<br>'হেলথ্ এ্যান্ড হোপ' এর সাথে যোগাযোগ করা হয়েছে কিন্তু তারা এখন ডেঙ্গু রোগী নিয়ে অনেক বেশী ব্যাস্ত আছে বিধায় সময় দিতে পারছে না। তাদের সাথে ফলো-আপ চলছে। |
| ২০১৭-২০১৯ মেয়াদের নির্বাহী পরিষদ সম্পর্কে হালনাগাদ তথ্য মহিলা বিষয়ক অধিদপ্তরকে অবহিত করা | ১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮ | ২০১৭-২০১৯ মেয়াদের নির্বাহী পরিষদ সম্পর্কে হালনাগাদ তথ্য মহিলা বিষয়ক অধিদপ্তরকে চিঠি দিয়ে অবহিত করা হবে। | ২০১৭-২০১৯ মেয়াদের নির্বাহী পরিষদ সম্পর্কে ১৬ ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত হালনাগাদ তথ্য জানিয়ে মহিলা বিষয়ক অধিদপ্তরকে চিঠি দেওয়া হয়েছে এবং অনুরোদন করা হয়েছে। |
| সিমিন মাহমুদকে স্মরণ | ১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮ | নারীপক্ষ'র 'অক্টোবর সম্মেলন' ২০১৮ এ সিমিন মাহমুদকে স্মরণে লিখিত ডকুমেন্টটি তাঁর স্বামীকে বাসায় পৌঁছে দেবেন সামিয়া আফরীন ও তামান্না খান পপি। | সিমিন মাহমুদ এর স্বামী অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদকে শোকবার্তা জানিয়ে চিঠি এবং ডকুমেন্টটি বাসায় পৌঁছে দেয়া হয়েছে। |
| নির্বাহী পরিষদ সদস্যদের সাথে সদস্য-কর্মীদের পরিচয় করানো | ১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮ | নতুন নির্বাহী পরিষদ গঠনের পর পরই তাদের সাথে সদস্য-কর্মীদের পরিচিত করানো হবে, প্রথমে লিখিতভাবে এবং পরবর্তীতে সরাসরি। নতুন নির্বাহী পরিষদের প্রথম বৈঠকের দিনই আধা ঘন্টার জন্য কর্মীদের সাথে বসা হবে। | অর্চনা বিশ্বাস সভানেত্রী হিসেবে কর্মীদের সাথে একদিন বৈঠক করেছেন। ২০১৯-২০২১ নির্বাহী পরিষদ গঠন হওয়ার পর আবার করা হবে। |
| আর্থিক প্রতিবেদন | ১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮ | • পরবর্তীতে প্রত্যেকটি খাতে ভ্যাট-ট্যাক্সসহ বাজেট করা হবে।<br>• নারীপক্ষ'র 'অক্টোবর সম্মেলন' এর উদ্বৃত্ত টাকা এই সম্মেলন ফলো-আপ কার্যক্রমের জন্য খরচ করা হবে। | করা হচ্ছে। |
| 'নতুন প্রজন্মের নারীর নেতৃত্ব বিকাশ' প্রকল্প | ১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮ | 'গ্লোবাল ফান্ড ফর উইমেন' এর অর্থ সহায়তায় সমন্বয়কারী সংস্থা 'ক্রিয়া' এর মাধ্যমে পরিচালিত এই প্রকল্পের একমাত্র কর্মী ইফফাত আরা অর্ণা ১৩/০৯/১৮ চাকুরি থেকে অব্যাহতি নিয়েছেন। এছাড়া, গত প্রায় দুই বছর ধরে চলা এই প্রকল্প থেকে আশানুরূপ কোন অর্জনও দৃশ্যমান নয়। এমতাবস্থায়, আবার একইরকমভাবে নতুন কর্মী নিয়োগ দিয়ে লক্ষ্য অর্জন সম্ভব নয়- এই বিবেচনায় প্রকল্পটি আর বাস্তবায়ন না করার লিখিত প্রস্তাব দেওয়া হবে দাতা সংস্থাকে। দাতা সংস্থা এই প্রস্তাবে রাজী না হলে নতুন কর্মী নিয়োগের ক্ষেত্রে নির্ধারিত বয়সসীমা (২৫-৩৫ বছর) শিথিল করা এবং কর্মস্থল ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবর্তে | দাতা সংস্থা নারীপক্ষ'র সকল প্রস্তাব মেনে নেয় এবং সেই প্রেক্ষিতে নতুন কর্মী নিয়োগের প্রক্রিয়া করা হয়। লিপি লিলিয়ান রোজারিও ছাড়া অন্য আর কোন প্রার্থী আবেদন না করায় তাকেই নিয়োগ দেওয়া হয়। লিপি লিলিয়ান গত ১/০১/২০১৯ কাজে যোগদান করেন। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | | কালসী নেওয়ার জন্য প্রস্তাব করা হবে। প্রস্তাবটি গৃহীত হলে নতুন কর্মী হিসেবে নারীপক্ষ'র সদস্য লিপি লিলিয়ান রোজারিওকে নেওয়া যেতে পারে। দাতা সংস্থা নারীপক্ষ'র কোন প্রস্তাবেই রাজী না হলে জরিমানা দিয়ে হলেও প্রকল্পটি থেকে বেরিয়ে আসা হবে। | |
| সাধারণ সদস্যপদ প্রদান | **১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮** | নারীপক্ষ'র সদস্য (রাজশাহী) মাহমুদা গিনি তার সংগঠনের মাধ্যমে দেওয়া এলাকার পাঁচজন প্রাথমিক সদস্যকে সাধারণ সদস্যপদ প্রদানের আবেদন করে যে চিঠি দিয়েছেন তার উত্তরে তাকে সাধারণ সদস্যপদ প্রাপ্তির শর্তগুলো উল্লেখসহ চিঠি দিয়ে প্রার্থী নিজেকে আবেদন করতে বলা হবে। চিঠি প্রস্তুত করেবেন নাজমা বেগম, স্বাক্ষর করবেন সভানেত্রী অর্চনা বিশ্বাস। | চিঠি দেয়া হয়েছে। |
| | **৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯** | নারীপক্ষ'র প্রাথমিক সদস্য রেহেনা ও শাম্মী আক্তার (রাজশাহী) সাধারণ সদস্যপদের জন্য যে আবেদন করেছেন সে বিষয়ে সিদ্ধান্ত হলো, আপতত তারা প্রাথমিক সদস্য হিসেবেই থাকবেন এবং প্রাথমিক সদস্য হিসেবে তারা তাদের দায়িত্ব-কর্তব্য কিভাবে, কতটুকু পালন করছেন তার প্রেক্ষিতে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে। | মাহমুদা গিনি এর তত্ত্বাবধানে কাজটি চলছে। |
| দেশের বর্তমান পরিস্থিতিতে করণীয় | **১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮** | গত ২৬ অক্টোবর ২০১৮ সাভারের আশুলিয়ায় বেসরকারি সংস্থা 'গণস্বাস্থ্য কেন্দ্র' এর পিএইচএ ভবনে ভাঙচুর ও লুটপাট এবং গণ বিশ্ববিদ্যালয়ের ৩টি ছাত্রী হোস্টেলে ও গণস্বাস্থ্য ফার্মাসিউটিক্যালসে সন্ত্রাসীরা হামলা ও ভাঙচুর করে। ছাত্রী হলের ভিতরে ঢুকে ছাত্রীদের গলাধাক্কা দিয়ে, চুলের মুঠি ধরে, অকথ্য ভাষায় গালিগালাজসহ অশোভন আচরণ করে হল থেকে বের করে দেয়। **এই ধরনের পরিস্থিতিতে নারীপক্ষ নিজে শক্তি-সামর্থ্য অনুযায়ী প্রতিবাদ কর্মসূচি করবে এবং সম-মনাদের কর্মসূচিতেও যুক্ত হবে।** | নারীর উপর সকল প্রকার সহিংসতা ও নির্যাতনের বিরুদ্ধে নারীপক্ষ নিজে 'নারীর সুরক্ষা অভিযান' কর্মসূচি'র মাধ্যমে নিয়মিত প্রতিবাদ কর্মসূচি করছে এবং সম-মনাদের কর্মসূচিতে যুক্ত হচ্ছে। |
| 'অক্টোবর সম্মেলন' পরবর্তী করণীয় | **১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮** | নারীপক্ষ'র 'অক্টোবর সম্মেলন' ২০১৮ এর ফলো-আপ কার্যক্রম হিসেবে নিম্নোক্ত কাজগুলো করা হবে,<br>১. ঢাকা এবং একই সাথে দেশব্যাপী সহযোগী সংগঠন ও 'দুর্বার নেটওয়ার্ক' এর মাধ্যমে ২৫ নভেম্বর "নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস" পালন<br>২. যুবদের নিয়ে কাজ করা<br>৩. সম্মেলনের ডিজিটাল সঙ্কলন করা<br>৪. লেখনীশিবীর- এর কাজগুলো করা | ২৫ নভেম্বর "নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস" সকল সহযোগী সংগঠন ও দুর্বারকে সাথে নিয়ে পালন করা হয়েছে। কামরুন নাহার, মাকসুদা খাতুন ও লিপি লিলিয়ান রোজারিও এর নেতৃত্বে 'ইউনাইট ফর বডি রাইট', 'অধিকার এখানে এখনই' এবং 'নতুন প্রজন্মের নারীর নেতৃত্ব বিকাশ' প্রকল্পের মাধ্যমে যুবদের নিয়ে কাজ করা হচ্ছে। প্রচার সম্পাদক রেহানা সামদানীর নেতৃত্বে এই সম্মেলনের ডিজিটাল সঙ্কলন করে আজাদ হোসেনকে দেওয়া হয়েছে। গীতা দাস এর নেতৃত্বে লেখনীশিবীর- এর কাজগুলো করা হবে। |
| ইউএন উইমেন- এর 'সিডও উইড ফোকাল পয়েন্ট | **১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮** | ইউএন উইমেন- এর 'সিডও উইড ফোকাল পয়েন্ট্সদের প্রশিক্ষণ' এ প্রশিক্ষক হিসেবে নারীপক্ষ থেকে রীনা রায়, মাহীন সুলতান এবং ইউ এম হাবিবুন নেসা যাবেন। | শিরীন হক, মাহীন সুলতান ও কামরুন নাহার গিয়েছেন, তবে এটি মূলত |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| প্রশিক্ষণ' এ প্রশিক্ষক হিসেবে নারীপক্ষ'র অংশগ্রহণ | | | কোন প্রশিক্ষণ হয়নি। একজন সচীবই সব কথা বলেছেন। |
| ফেমপাওয়ার- এর সাথে নারীপক্ষ'র ওয়েবসাইট লিংক করা | **১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮** | পাকিস্তানের বেসরকারি সংগঠন সিরকাতগাহ্ এর ফেমপাওয়ার এর সাথে নারীপক্ষ'র ওয়েবসাইট লিংক করার নীতিগত অনুমোদন দেওয়া হলো। | ওয়েবসাইট লিংক করা হয়নি। |
| 'জনগণের স্বাস্থ্য' চতুর্থ সম্মেলন (পিএইচএ- ৪)- এর জন্য অনুদান প্রদান এবং স্টল দেওয়া ও একটি সেমিনার করা | **১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮** | • আগামী ১৫-১৯ নভেম্বর ২০১৮ ঢাকার সাভারের গণ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিতব্য 'জনগণের স্বাস্থ্য' চতুর্থসম্মেলন (পিএইচএ- ৪)- এ নারীপক্ষ থেকে এক লাখ টাকা অনুদান দেওয়া হবে। এই টাকা নারীপক্ষ'র 'অক্টোবর সম্মেলন' ২০১৮ এর বাজেট থেকে দেওয়া হবে।<br>• উক্ত সম্মেলনে 'অধিকার এখানে এখনই (RHRN)'- এর আওতায় যে স্টল নেওয়া হবে সেখানে নারীপক্ষ অংশগ্রহণ করবে এবং একটি সেমিনারও করবে। | নারীপক্ষ থেকে একলাখ টাকা অনুদান দেওয়া হয়েছে। 'অধিকার এখানে এখনই (RHRN)'- এর আওতায় যে স্টল নেওয়া হয়েছে সেখানে নারীপক্ষ অংশগ্রহণ করছে এবং নারীবান্ধব হাসপাতাল বিষয়ে একটি সেমিনার করা হয়েছে। সেমিনরটি সকলের কাছে, বিশেষত বিদেশীদের কাছে খুবই প্রশংসিত হয়েছে। সম্মেলন আয়োজক কমিটির ভাইস চেয়ারম্যান ছিল নারীপক্ষ। |
| | **৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯** | • উক্ত সম্মেলন (পিএইচএ- ৪)- এ নারীপক্ষ'র মাধ্যমে যশোর ও রাজশাহী থেকে অংশগ্রহণকারীদের একদিনের বকেয়া খাওয়া খরচ দেওয়ার বিষয়ে 'জনগণের স্বাস্থ্য আন্দোলন (পিএইচএম)- এর কোষাধ্যক্ষের সাথে যোগাযোগ করা হবে।<br>• এই সম্মেলনে নারীপক্ষ 'নারীবান্ধব হাসপাতাল' বিষয়ক যে সেমিনারটি করেছে সেই আঙ্গিকের একটি সেমিনার বাংলাদেশের সংশ্লিষ্টদের নিয়ে আগামী ৭ এপ্রিল ২০১৯ 'বিশ্বস্বাস্থ্য দিবস' এ করা যায় কি না সে বিষয়ে 'নারীবান্ধব হাসপাতাল' কর্মসূচির কর্মদলে আলোচনা করে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠকে জানানো হবে। নারীপক্ষ'র 'অক্টোবর সম্মেলন- ২০১৮ পরবর্তী ফলো-আপ' কার্যক্রম খাতের টাকা দিয়ে এই সেমিনারটির খরচ বহন করা যেতে পারে। | • পিএইচএম এর সাথে যোগাযোগ করা হযেছে, তারা অপারগতা প্রকাশ করেছেন বিধায় নিজ নিজ সংগঠন থেকে দেয়ার সিদ্ধান্ত হয়েছে।<br>• সেমিনারটি করা হয়নি, কারণ এই বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের সাথে যোগাযোগ করা হলে জানা যায়, স্বাস্থ্য অধিদপ্তর একটি বড় সেমিনারের আয়োজন করবে এবং সেখানে স্বাস্থ্য নিয়ে কাজ করে এরকম বিভিন্ন সংগঠনকে আমন্ত্রণ জানাবে। তারা ইতিমধ্যে নারীবান্ধব হাসপাতাল সম্পর্কিত চার মিনিটের একটি তথ্যচিত্র তৈরি করেছে, যা ইউটিউবে প্রচার করা হচ্ছে এবং সেটি বিভিন্ন সভা-সেমিনার, ফোরামে প্রদর্শনের সিদ্ধান্ত আছে। |
| 'জনগণের স্বাস্থ্য আন্দোলন (পিএইচএম)' বাংলাদেশ- এ | **৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯** | এখন থেকে 'জনগণের স্বাস্থ্য আন্দোলন (পিএইচএম)' বাংলাদেশ- এ নারীপক্ষ'র প্রতিনিধিত্ব করবেন নাজনীন সুলতানা রত্না। | নাজনীন সুলতানা রত্না কাজটি এখনও আনুষ্ঠানিকভাবে শুরু করেননি। গত ১৪/০৯/১৯ |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| নারীপক্ষ'র প্রতিনিধিত্ব | | | তারিখ অনুষ্ঠিত 'জনগণের স্বাস্থ্য আন্দোলন- বাংলাদেশ' অংশের জাতীয় নির্বাহী পরিষদ নির্বাচনে আগামী দুই বছরের জন্য নরীপক্ষ'র প্রতিনিধি হিসেবে সামিয়া আফরীন ভাইস চেয়াম্যান পদে বিপুল ভোটে বিজয়ী হয়েছেন। |
| Citizens Initiatives on CEDAW, Bangladesh (CIC, BD) ফোরাম এ নারীপক্ষ থাকবে কি না | **১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮** | নারীপক্ষ ২০১৬ সাল থেকে CIC,BD ফোরাম এর বর্তমান সচিবালয় (স্টেপস্ টুয়ার্ডস ডেভেলপমেন্ট) পরিবর্তন এবং একজন সভাপতি নির্বাচনের দাবি জানিয়ে আসছে কিন্তু বিষয়টি সম্পর্কে আজ অবধিও কোন সিদ্ধান্ত বা সুরাহা না হওয়ায় নারীপক্ষ আর এই ফোরামে থাকবেনা। -এই সিদ্ধান্তটি জানিয়ে ফোরাম সচিবালয়ে চিঠি দেওয়া হবে। চিঠির কপি ফোরামের সকল সদস্য এবং ইউএন উইমেনকে দেওয়া হবে। | চিঠিটি দেওয়া হয়েছে এবং এর প্রেক্ষিতে গত ৯ মে ২০১৯ CIC,BD এর একটি সাধারণ সভা হয়। ফোরামভুক্ত প্রায় ৫৭টি সদস্য সংগঠনের বেশীরভাগ সদস্যই নারীপক্ষ'র প্রস্তাবের পক্ষে মত দেন এবং সভায় এটি সিদ্ধান্ত হিসেবে গৃহীত হয়। এই সভায় নারীপক্ষসহ ৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয় এবং এই কমিটির মাধ্যমে একটি নির্দেশিকা তৈরির সিদ্ধান্ত হয়। কমিটির অন্যান্য সদস্যরা হলেন, বাংলাদেশ মহিলা পরিষদ, আইন ও সালিশ কেন্দ্র (এ এস কে), বাংলাদেশ নারী প্রগতি সংঘ (বিএনপিএস), স্টেপস্ টুয়ার্ডস ডেভেলপমেন্ট, দীপ্ত এবং উইমেন উইথ ডিসএ্যাবিলিটি ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (ডব্লিউ ডি ডি এফ)। |
| ২৫ নভেম্বর- 'নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস' পালন | ১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮ | এবছর ২৫ নভেম্বর- 'নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস'টি একটি অভিন্ন প্রতিপাদ্য নিয়ে ঢাকা এবং একই সাথে সারা দেশব্যাপী সহযোগী সংগঠন ও নারী সংগঠনসমূহের জাতীয় নেটওয়ার্ক 'দুর্বার' এর মাধ্যমে পালন করা হবে। ব্যানারের শ্লোগান এবং রংও একই হবে। কর্মসূচির প্রচারপত্র নারীপক্ষ করবে এবং সেটিই সকল সংগঠনকে পাঠানো হবে। এই কর্মসূচির জন্য প্রয়োজনমতো সর্বোচ্চ একশ'টি সংগঠনকে এক হাজার টাকা করে দেওয়া যেতে পারে।<br><br>নারীপক্ষ'র কর্মসূচির সমন্বয়কারীর দায়িত্ব পালন করবেন রওশন আরা, সাথে থাকবেন সাবিনা ইয়াছমিন এবং সমন্বয়কারী তার প্রয়োজনমতো অন্যান্যদের যুক্ত করবেন। | ঢাকা এবং একই সাথে সারা দেশব্যাপী সহযোগী সংগঠন ও নারী সংগঠনসমূহের জাতীয় নেটওয়ার্ক 'দুর্বার' এর মাধ্যমে দিবসটি পালন করা হয়েছে। বিস্তারিত তথ্য প্রতিবেদনের প্রথম অংশে দেয়া আছে। |
| 'লড়াকু নারী' তহবিল থেকে আর্থিক সহায়তা দেওয়া | ১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮ | কোটা আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার প্রেক্ষিতে মরিয়ম আক্তার এর লিখিত আবেদন পাওয়ার পরে 'লড়াকু নারী' তহবিল থেকে অর্থ সহায়তা দেওয়া যেতে পারে কিন্তু মমতাজ বেগমের নাতনি সানজিদা আক্তার শিফা যেহেতু কোন আন্দোলন কর্মী নন সেহেতু এই তহবিল থেকে তাকে | মরিয়ম আক্তারকে নভেম্বর ২০১৮ থেকে জুন ২০১৯ পর্যন্ত আর্থিক সহায়তা দেয়া হয়েছে। বর্তমানে তার আরএই সহায়তার প্রয়োজন |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | | অর্থ সহায়তা দেওয়া যাবে না। | হচ্ছে না, কারণ তিনি নিজে এখন উপার্জনক্ষম। |
| ‘লড়াকু নারী’ তহবিল এর জন্য অনুদান সংগ্রহ | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | • নারীপক্ষ’র ‘লড়াকু নারী’ তহবিল এর জন্য অনুদান দেওয়ার অনুরোধ জানিয়ে গত ২০ আগস্ট ২০১৮ সদস্যদের যে চিঠি দেওয়া হয়েছে সে বিষয়ে ফলো-আপ করতে সদস্যদের সাথে যোগাযোগ করা হবে। কোন সদস্য কার সাথে যোগাযোগ করবেন সে বিষয়ক দায়িত্ব বন্টন করা হবে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির আগামী বৈঠকে।<br>• আগামীকাল (১৭/০২/১৯) সকাল ১০টায় এই তহবিল এর পরিচালনা কমিটি (ইউ এম হাবিবুন নেসা, রাশিদা হোসেন, নাজমা বেগম, খোদেজা খাতুন এবং সভানেত্রী অর্চনা বিশ্বাস) বৈঠক করে এর সমন্বয়কারী নির্ধারণসহ অন্যান্য সিদ্ধান্ত নেবে। | • কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠকে বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে, দায়িত্ব বন্টন করা হয়নি; কারণ ২০ আগস্ট ২০১৮ দেওয়া চিঠির উত্তর কেউ দেননি, তাই এই যোগাযোগ তেমন ফলপ্রসূ হবে বলে মনে হয়নি।<br>• এই বৈঠকটি আনুষ্ঠানিকভাবে হয়নি, তবে প্রাথমিক আলোচনা হয়েছে। |
| | ................<br>২৮ বৈশাখ ১৪২৬/১১ মে ২০১৯ | ......................................................<br>‘লড়াকু নারী’ তহবিলে বর্তমানে যে টাকা জমা আছে (১ লাখ ৩২ হাজার) এবং অন্যান্যদের প্রতিশ্রুত সকল টাকা (ফিরদৌস আজীম- ১ লাখ, রাশিদা হোসেন ১০ হাজার, মাহফুজা আক্তার মালা- ১০ হাজার এবং ডা. নাজমুন নাহার ১০ হাজার) সংগ্রহ করে মোট টাকা থেকে খরচ সমন্বয়ের পরে অবশিষ্ট টাকা দিয়ে আরও একটি স্থায়ী আমানত খোলা হবে। পূর্বের স্থায়ী আমানতের স্বাক্ষরকারীগণই এই আমানতেরও স্বাক্ষরকারী থাকবেন। | ............................<br>দুই লাখ টাকার নতুন একটি স্থায়ী আমানত খোলা হয়েছে। |
| | ................<br>৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | ..................................................................<br>• ‘লড়াকু নারী’ তহবিল পরিচালনা কমিটির সমন্বয়কারীর দায়িত্ব এখন থেকে নাজমা বেগম পালন করবেন।<br>• ‘লড়াকু নারী’ কে বা ‘লড়াকু নারী’ বলতে কাকে বোঝানো হয়েছে সে বিষয়ে মঙ্গলবারের সভায় আলোচনা করা হবে। | ............................<br>• সমন্বয়কারীর দায়িত্ব নাজমা বেগম পালন করছেন।<br>• আলোচনাটি এখনও হয়নি। |
| নারীপক্ষ’র ‘সাধারণ সহায়তা তহবিল’ গঠন ও আর্থিক সহায়তা প্রদান | ১৯ কার্তিক ১৪২৫/৩ নভেম্বর ২০১৮ | মমতাজ বেগমের নাতনি সানজিদা আক্তার শিফাকে আর্থিক সহায়তার জন্য রেহানা সামদানীর দেওয়া ১২ হাজার, রওশন আরার দেওয়া তিন হাজার এবং ফিরদৌস আজীম এর দেওয়া ১২ হাজার টাকা- সর্বমোট এই ২৭ হাজার টাকা অনুদান দিয়ে নারীপক্ষ’র একটি ‘সাধারণ সহায়তা’ তহবিল গঠন করা হবে। এই তহবিল থেকে সানজিদা আক্তার শিফাকে নভেম্বর ২০১৮ থেকে মাসিক দুই হাজার টাকা করে দেওয়া হবে। | তহবিল গঠন হয়েছে এবং এই তহবিল থেকে সানজিদা আক্তার শিফাকে নভেম্বর ২০১৮ থেকে মাসিক দুই হাজার টাকা করে দেওয়া হচ্ছে। |
| নির্বাহী পরিষদের শূণ্যপদ পূরণ, আন্দোলন সম্পাদক নির্ধারণ এবং কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির শূণ্যপদ পূরণ | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | নির্বাহী পরিষদ সদস্য ও আন্দোলন সম্পাদক ফরিদা ইয়াছমিন CREA- এর ‘অধিকার আন্দোলনে নারীনেতৃত্ব’ প্রকল্পে চাকুরি যোগদান করার কারণে সাংগঠনিক নিয়ম অনুযায়ী তিনি নির্বাহী পরিষদ থেকে অব্যাহতি নেওয়ায় সৃষ্ট শূণ্যপদটিতে আফসানা চৌধুরী এমিকে নেওয়া হবে এবং তাকেই নারীপক্ষ’র আন্দোলন সম্পাদকের দায়িত্ব দেয়া হবে। | সিদ্ধান্ত অনুযায়ী আফসানা চৌধুরী এমিকে নির্বাহী পরিষদে নেওয়া হয় এবং তিনি আন্দোলন সম্পাদকের দায়িত্ব পালন করছেন। পদাধিকার বলে তিনি কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটিরও সদস্য আছেন। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| সিরকাত্গাহ্- এর প্রস্তাবনা: 'বাংলাদেশে নারী আন্দোলনের দাবিনামা' তৈরি | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯<br>.................<br>৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | পাকিস্তান ভিত্তিক বেসরকারি সংগঠন সিরকাত্গাহ্ তাদের 'ফেমপাওয়ার' প্রকল্পের আওতায় বাংলাদেশে নারী আন্দোলনের 'চার্টার অব ডিমান্ড (সিডি)' তৈরি করা বিষয়ক একটি কাজ করার জন্য নারীপক্ষ'কে যে প্রস্তাব দিয়েছে তাতে নীতিগত অনুমোদন দেওয়া হলো।<br>..............................................................<br>বাংলায় প্রস্তুতকৃত 'বাংলাদেশে নারী আন্দোলনের দাবিনামা'টি মুদ্রণের জন্য সম্পাদনা করে দিতে সদস্য গীতা দাসকে অনুরোধ জানানো হবে। | দাবিনামাটি তৈরি করে পাঠানো হয়েছে। শিরকাত্ গাহ্ ইতিমধ্যে দক্ষিণ এবং দক্ষিণপূর্ব এশিয়ার প্রতিনিধিদের নিয়ে একটি সম্মেলন করেছে (নারীপক্ষ'র প্রতিনিধি হিসেবে ইউ এম হাবিবুন নেসা ও শিরীন হক এই সম্মেলনে উপস্থিত ছিলেন) এবং দাবিনামাগুলো পাবলিস্ট করেছে<br>...............................<br>গীতা দাস কাজটি করতে সম্মত হয়েছেন। |
| 'দুর্বার নেটওয়ার্ক' এ নারীপক্ষ'র প্রতিনিধিত্ব | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | এখন থেকে 'দুর্বার নেটওয়ার্ক' এ নারীপক্ষ'র প্রতিনিধিত্ব করবেন নির্বাহী পরিষদ সদস্য রাশিদা হোসেন ও রেহানা সামদানী। | রাশিদা হোসেন ও রেহানা সামদানী প্রতিনিধিত্ব করছেন। |
| আনুতোষিক তহবিলের অব্যায়িত টাকা স্থানান্তর | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | কর্মীর অনুতোষিক তহবিলের অব্যায়িত কোন টাকা এখন নারীপক্ষ'র তহবিলে স্থানান্তর করা হবে না। ভবিষ্যতে এই তহবিল থেকে কোন টাকা স্থানান্তর করার পূর্বে অবশ্যই ভালো করে হিসাব-নিকাশ করে দেখা হবে। এই তহবিলের যে স্থায়ী আমানতটির মেয়াদ পূর্ণ হয়েছে তা ১৩ লাখ ৭৫ হাজার টাকায় পূর্ণ করে পূবালী ব্যাংকে একবছর মেয়াদী স্থায়ী আমানত করে রাখা হবে। | সিদ্ধান্ত কার্যকর হচ্ছে। ১৩,৯০০০০/- টাকার স্থায়ী আমানত পূবালী ব্যাংকে করা হয়েছে। |
| 'এসির ব্যবহার সীমিতকরণ ও যথোপযুক্ত স্থানে লাগানোর জন্য এ্যাডভোকেসী' কার্যক্রম | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | ঢাকা শহরের অতিরিক্ত গরম ও পরিবেশ দূষণ কমাতে এসির ব্যবহার সীমিতকরণ ও যথোপযুক্ত স্থানে লাগানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে এ্যাডভোকেসীর জন্য পরিবেশ মন্ত্রণালয়ের বাস্তবায়ন পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনার জন্য সাক্ষাৎকার চেয়ে চিঠি দেওয়া হবে। | চিঠি দেয়া হয়েছে এখনও সাক্ষাৎ এর সময় পাওয়া যায়নি। |
| | ২৮ বৈশাখ ১৪২৬/১১ মে ২০১৯ | ঢাকা শহরের অতিরিক্ত গরম ও পরিবেশ দূষণ কমাতে এসির ব্যবহার সীমিতকরণ ও যথোপযুক্ত স্থানে লাগানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে এ্যাডভোকেসির জন্য পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয়ের অতিরিক্ত সচীব ড. এস এম মঞ্জুরুল হান্নান খান এর সাথে সাক্ষাতের জন্য নারীপক্ষ'র প্রতিনিধি হিসেবে ইউ এম হাবিবুন নেসা,শিরীন হক, কামরুন নাহার ও আফসানা চৌধুরী এমি এর নাম পাঠানো হবে। এদর মধ্য থেকে যেকোন দুইজন যাবেন। | নারীপক্ষ'র প্রতিনিধি হিসেবে ইউ এম হাবিবুন নেসা,শিরীন হক, কামরুন নাহার ও আফসানা চৌধুরী এমি এর নাম পাঠানো হয়েছে। |
| মরিয়ম আক্তার ও সানজিদা আক্তার শিফাকে নারীপক্ষ থেকে আর্থিক অনুদান প্রদান বিষয়ে চিঠি দেওয়া | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | কোটা আন্দোলন কর্মী মরিয়ম আক্তার এবং যৌন কর্মীদের অধিকার আন্দোলনের লড়াকু নারী মমতাজ বেগম এর নাতনি সানজিদা আক্তার শিফাকে নারীপক্ষ থেকে যে আর্থিক অনুদান দেওয়া হচ্ছে সে বিষয়ক তথ্য জানিয়ে দাপ্তরিকভাবে তাদেরকে চিঠি দেওয়া হবে। | চিঠি দেওয়া হয়েছে। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| 'যৌন হয়রানি ও নিপীড়ন রোধে অভিযোগ কমিটি' গঠন | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | সকল প্রতিষ্ঠানে/সংগঠনে **'যৌন হয়রানি ও নিপীড়ন রোধে অভিযোগ কমিটি'** গঠন বিষয়ক উচ্চ আদালতের নির্দেশনার প্রেক্ষিতে নারীপক্ষ'র জন্য ৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলো। এর সদস্যরা হলেন, নারীপক্ষ থেকে সাফিয়া আজীম, রওশন আরা, কামরুন নাহার, নাজমুন নাহার শেলী ও অরবিন্দু দাস এবং নিয়ম অনুযায়ী নারীপক্ষ'র বাইরের দুইজন হলেন মারুফা হক ও সৈয়দ মাহবুবুল আলম তাহীন। এই কমিটির সমন্বয়কারীর দায়িত্ব পালন করবেন অরবিন্দু দাস। | উচ্চ আদালতের নির্দেশনাকে পুরোপুরি আমলে নিলে এই কমিটির প্রধান হওয়ার কথা একজন নারী, তাই কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির ২০/০৪/১৯ বৈঠকে নারীপক্ষ'র এই কমিটিতে সংশোধন এনে নাজমুন নাহার শেলীকে সমন্বয়কারীর দায়িত্ব দেওয়া হয়। তার নেতৃত্বে কমিটির কার্যক্রম পরিচালিত হচ্ছে। |
| নারীপক্ষ'র ব্যাংক হিসাবসমূহ পরিচালনার স্বাক্ষকারী নির্ধারণের নিয়মাবলী সংরক্ষণ করা | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | নারীপক্ষ'র ব্যাংক হিসাবসমূহ পরিচালনার স্বাক্ষকারী নির্ধারণের নিয়মগুলো লিখিত আকারে হিসাব ও প্রশাসন বিভাগে সংরক্ষণ করে রাখা হবে, যাতে কেউ জানতে চাইলে তাৎক্ষণিকভাবে দেখানো যায়। | লিখিত করে রাখা হয়েছে। |
| Cowater Sogema- এর প্রকল্প প্রস্তাবনা | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | ক্যানাডিয় সংস্থা Cowater Sogema বাংলাদেশের সকল জেলায় এলজিইডি নিয়ে কাজ করতে জেন্ডার বিষয়ক প্রশিক্ষণ করানোর জন্য নারীপক্ষকে যে প্রস্তাব দিয়েছে তাতে নীতিগত অনুমোদন দেওয়া হলো। কাজটির সমন্বয়কারীর দায়িত্ব নেওয়ার জন্য নারীপক্ষ'র সদস্য ফজিলা বানু লিলিকে অনুরোধ জানানো হবে।<br>Cowater Sogema- কে নারীপক্ষ থেকে তিন জনের (ফজিলা বানু লিলি, মাহীন সুলতান ও ইউ এম হাবিবুন নেসা) জীবনবৃত্তান্ত পাঠানো হবে। | Cowater Sogema এর পক্ষ থেকে এখনও পর্যন্ত বিস্তারিত কাগজপত্র আসেনি। কাগজপত্র এলে আগানো হবে। |
| ব্যবস্থাপনা বৈঠক | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | ফেব্রুয়ারি ২০১৯ এর মধ্যে অবশ্যই নারীপক্ষ'র 'ব্যবস্থাপনা কমিটি'র একটি বৈঠক করতে হবে এবং এরপর প্রতিমাসে নিয়মিত এই কমিটির বৈঠক করতে হবে। এই কমিটিতে নতুন সদস্য হিসেবে যুক্ত হবেন ইউ এম হাবিবুন নেসা। | অনিয়মিতভাবে বৈঠক হচ্ছে। বিস্তারিত তথ্য প্রতিবেদনের পরবর্তী অংশে আছে। |
| ব্যাংক হিসাব খোলা | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | নারীপক্ষ'র (সংগঠন, প্রকল্প/কর্মসূচি) কোন ব্যাংক হিসাব খোলার জন্য যেসকল ডকুমেন্ট প্রয়োজন হয় তার লিখিত নির্দেশনা উত্তরা ব্যাংক থেকে সংগ্রহ করা হবে। | ব্যাংকে এরকম কোন নির্দেশনানেই, নির্ধারিত ফরম- এ যেভাবে থাকে সেভাবে দিতে হয়। |
| ICPD+25 প্রকল্প কর্মদলের সদস্য | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | ICPD+25 প্রকল্প কর্মদলের সদস্য হিসেবে যুক্ত হবেন ইউ এম হাবিবুন নেসা। | ইউ এম হাবিবুন নেসা যুক্ত হয়েছেন |
| 'ইউনাইট ফর বডি রাইটস্' প্রকল্প | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | 'ইউনাইট ফর বডি রাইটস্' প্রকল্পের একটি বাংলা নামাকরণ করা হবে। প্রকল্পের এই পর্যায়ে এসে (এপ্রিল ২০১৬ থেকে বাস্তবায়ন শুরু) নাম পরিবর্তনের ক্ষেত্রে এনজিও বিষয়ক ব্যুরো কোন আপত্তি করলে নথি-পত্রাদিতে বন্ধনী রেখার মধ্যে ইংরেজি নামটি রাখা হবে। | বাংলা নামকরণ করা হয়নি। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| ‘৭১ এর যে নারীদের ভুলেছি’ কর্মসূচি | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | • ’৭১ এর যে নারীদের ভুলেছি’ কর্মসূচির আওতায় রাজশাহীর বীরাঙ্গনা রকেনা বেওয়া ও বীরাঙ্গনা জরিনা বেওয়ার জন্য বসবাস উপযোগী ঘর তুলে দিতে নারীপক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদান বিষয়ক একটি সুনির্দিষ্ট প্রস্তাবনা সদস্য খোদেজা খাতুন প্রস্তুত করে লিপি লিলিয়ান রোজারিওকে পাঠাবেন ।<br>• রাজশাহীর আরেকজন বীরাঙ্গনা মনোয়ারা বেওয়াকে নারীপক্ষ’র তহবিল থেকে ফেব্রুয়ারি ২০১৯ থেকে মাসিক ভাতা দেওয়া হবে। | • রকেনার বেওয়া ঘর যেহেতু বেশি খারাপ সেহেতু তাকে অগ্রাধিকার ভিত্তিতে মেরামত করার পরিকল্পনা করা হয়েছে। এরজন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করতে মালিহা চৌধুরীর সাথে শিরীন হক যোগাযোগ করছেন।<br>• মনোয়ারা বেওয়াকে মাসিক ভাতা দেয়া হচ্ছে। |
| | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | • ’৭১ এর যে নারীদের ভুলেছি’ কর্মসূচির আওতায় বীরাঙ্গনাদের অর্থ সহায়তার জন্য অনুদান প্রদানকারীদের একটি ‘মনে করিয়ে দেওয়া’ চিঠি দেওয়া হবে।<br>• রাজশাহীর যে তিনজন বীরাঙ্গনার জন্য বসতঘর তৈরি করে দেওয়ার প্রস্তাব আছে তাঁদের মধ্য থেকে প্রথমে রকেনা বিবির ঘরটি করার জন্য আর্থিক অনুদান দেওয়া হবে। বাকী দুইজনের জন্য পরবর্তীতে উদ্যোগ নেয়া হবে।<br>• ‘৭১ এর যে নারীদের ভুলেছি’ কর্মসূচির আওতায় বীরাঙ্গনাদের অর্থ সাহায্যের জন্য বিদেশে অবস্থানরত বন্ধু-শুভানুধ্যায়ীরা যে ছোট ছোট অনুদান দিতে চান তা কোন একাউন্টে পাঠাবেন সে বিষয়ে উত্তরা ব্যাংকের সাথে যোগাযোগ করে জানা হবে। | • চিঠি দেয়া হয়েছে।<br>• অর্থ সংগ্রহের চেষ্টা চলছে।<br>• ব্যংকে যোগাযোগ করা হয়েছে কিন্তু এফডি-৬ ছাড়া এধরনের কোন সুযোগ নেই। |
| নির্বাহী পরিষদ বৈঠকে উপস্থিতি | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | নির্বাহী পরিষদ সদস্যগণ যাতে বৈঠক চলাকালীন সম্পূর্ণ সময় (সকাল ১০টা-সন্ধ্যা ৭টা) উপস্থিত থাকেন সে বিষয়ে তাদেরকে সভানেত্রী একটি চিঠি দেবেন। | সভানেত্রীর পক্ষ থেকে ই-মেইল দেয়া হয়েছে। |
| ‘ক্রিয়া’ এর দক্ষিণ এশীয় সম্মেলনে অংশগ্রহণ | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | ‘ক্রিয়া’ এর আয়োজনে এপ্রিল ২০১৯ নেপালে “ফিরে দেখা” শীর্ষক যে দক্ষিণ এশীয় সম্মেলন হবে তাতে নারীপক্ষ থেকে অন্তত পাঁচজন প্রতিনিধি পাঠানোর নীতিগত অনুমোদন দেওয়া হলো। কে কে যাবেন সে বিষয়ে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির আগামী বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হবে। এর জন্য **বিষয়টি কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির আগামী বৈঠকের আলোচ্যসূচিতে দেওয়া হবে।** | কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির ২৩/০২/১৯ বৈঠকে আলোচনা হয় এবং উক্ত বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী আমন্ত্রণপত্রটি (ই-মেইল) সংযুক্ত করে সদস্যদের ইমেইল করা হয় কিন্তু নিজ খরচে কেউ যেতে চাননি। |
| জাতীয় ‘জাম্বুরী’তে নারীপক্ষ’র অংশগ্রহণ | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | আগামী ৮-১৪ মার্চ ২০১৯ ঢাকার গাজীপুরের মৌচাকে অনুষ্ঠিতব্য জাতীয় ‘জাম্বুরী’তে নারীপক্ষ অংশগ্রহণ করবে। এর জন্য নিবন্ধন ফি ও স্টল নিতে মোট দুই হাজার টাকা নারীপক্ষ থেকে প্রদানের অনুমোদন দেওয়া হলো। | নারীপক্ষ এই জাম্বুরীতে স্টলসহ অংশগ্রহণ করেছে। এর জন্য নারীপক্ষ’র তিনটি প্রচারপত্র (১. একলাম্পশিয়া সম্পর্কে সচেতন হউন, প্রসূতিমৃত্যু রোধ করুন, ২. ধর্ষণের ঘটনায় বিচার পাওয়া আপনার অধিকার এবং ৩. বাবা-মা দু’জনই সন্তানের অভিভাবক) পুনর্মুদ্রণ করে বিতরণ করা হয়েছে। |
| নির্বাহী পরিষদে | ২৮ বৈশাখ | গত ১৬ ফেব্রুয়ারি ২০১৯ অনুষ্ঠিত নির্বাহী পরিষদ বৈঠকে | ২৬/১০/১৯, সাধারণ |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| শূণ্যপদ পূরণের নিয়মাবলী গঠনতন্ত্রে অন্তর্ভুক্তকরণ | ১৪২৬/১১ মে ২০১৯ | বর্তমান  নির্বাহী পরিষদে সৃষ্ট একটি শুণ্যপদ পূরণ প্রক্রিয়ার তৃতীয় ধাপটি ("যিনি/যারা আগে কখনো নির্বাহী পরিষদের সদস্য ছিলেন না এবং এই কমিটিতে যুক্ত করার মাধ্যমে নতুন নেতৃত্ব হিসেবে তৈরি করা যাবে") গঠনতন্ত্রে অন্তর্ভুক্ত করার জন্য আগামী সাধারণ সভায় দেওয়া হবে। | সভায় দেওয়া হবে। |
| নারীপক্ষ'র ইতিহাস সংগ্রহ ও সংরক্ষণের জন্য সদস্যদের ভিডিও সাক্ষাৎকার গ্রহণ | ২৮ বৈশাখ ১৪২৬/১১ মে ২০১৯ | নারীপক্ষ'র ইতিহাস সংগ্রহ ও সংরক্ষণের জন্য ফজিলা বানু লিলি, তৃণা হক, শাহানাজ আহ্‌মেদ চন্দনা, রুবী গজনবী, অর্চনা বিশ্বাস, গীতা দাস এবং তামান্না খান পপিসহ আরো **যেসকল সদস্যের ভিডিও সাক্ষাৎকার নেওয়া বাকী আছে তা নেবেন নারীপক্ষ'র সদস্য সাফিয়া আজীম**। উল্লেখ্য, এই কজিটির দায়িত্বে ছিলেন রেহানা সামদানী। তিনি এপর্যন্ত মোট ১৩ জনের ভিডিও সাক্ষাৎকার নিয়েছেন। বর্তমানে তিনি পেশাগত ব্যস্ততার কারণে সময় দিতে পারছেন না। | রেহানা সামদানী সাফিয়া আজীমকে কাজটির দায়িত্ব বুঝিয়ে দিয়েছেন। সাফিয়া আজীম ২৫/০৯১৯ তারিখ সভানেত্রী অর্চনা বিশ্বাস এর সাক্ষাৎকার নিয়েছেন। তামান্না খান পপি- এর সাক্ষাৎকার নেয়ার জন্য যোগাযোগ চলছে। |
| নারীবান্ধব হাসপাতাল সংক্রান্ত তথ্যচিত্র | ২৮ বৈশাখ ১৪২৬/১১ মে ২০১৯ | স্বাস্থ্য অধিদপ্তর নারীবান্ধব হাসপাতাল সংক্রান্ত যে তথ্যচিত্রটি তৈরি করেছে সেটি সম্পর্কে নারীপক্ষ'র মতামত জানিয়ে স্বাস্থ্য অধিদপ্তর ও ইউনিসেফকে চিঠি দেওয়া হবে। এর আগে উক্ত তথ্যচিত্রিটির স্ক্রিপ্ট সংগ্রহ করে সেটি নিয়ে কর্মদলে আলোচনা করা হবে। | গত ৫/০৮/২০১৯ উক্ত চিঠিটি দেয়া হয়েছে, এখনও কোন উত্তর আসেনি। |
| নারীপক্ষ'র তথ্য অবমুক্তকরণ নীতিমালা অনুমোদন | ২৮ বৈশাখ ১৪২৬/১১ মে ২০১৯ | নারীপক্ষ'র তথ্য অবমুক্তকরণ বিষয়ক খসড়া নীতিমালাটি সম্পর্কে নির্বাহী পরিষদের সদস্যগণ আগামী ১৫ দিনের (২৬/০৫/১৯) মধ্যে তাদের মতামত দেবেন। এই সময়ের মধ্যে তারা যদি কোন সংশোধনী/মতামত না দেন তাহলে এই খসড়াটিই নীতিগতভাবে অনুমোদিত বলে বিবেচ্য হবে। | কিছু সংশোধনী এসেছে সেগুলোর আলোকে চূড়ান্ত করে সভানেত্রীর অনুমোদন নেয়া হয়েছে। |
| | ৪ ফাল্গুন ১৪২৫/১৬ ফেব্রুয়ারি ২০১৯ | নারীপক্ষ'র তথ্য অবমুক্তকরণ বিষয়ক খসড়া নীতিমালাটি নির্বাহী পরিষদের সকল সদস্যকে পাঠানো হবে এবং তাদের মতামতের ভিত্তিতে সেটি চূড়ান্ত করে অনুমোদনের জন্য নির্বাহী পরিষদের আগামী বৈঠকে দেওয়া হবে। | |
| 'নাসরীন হক ট্রাস্ট' গঠনের ফলো-আপ | ২৮ বৈশাখ ১৪২৬/১১ মে ২০১৯ | 'নাসরীন হক ট্রাস্ট' গঠনের অগ্রগতি ফলো-আপ করা হবে। এরজন্য পূর্বে গঠিত কমিটির সদস্যদের নিয়ে পুনরায় একটি সভা করা হবে। | ২২/০৫/১৯ তারিখে সভাটি হয়েছে, সভার সিদ্ধান্তগুলো বাস্তবায়ন চলছে। |
| সিদ্ধান্ত বাস্তবায়নের ফলো-আপ | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | নির্বাহী পরিষদ ও কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির সাথে প্রতি সপ্তাহে নিয়মিত ফলো-আপ করবেন সায়েমা হাসনীন। | সায়েমা হাসনীন কাজটি করছেন, তবে নিয়মিত নয়। |
| বার্ষিক আলোচনা ও দ্বি-বার্ষিক সাধারণ সভা | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | • এবছর নারীপক্ষ'র বার্ষিক আলোচনা ও দ্বি-বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে আগামী ২৬, ২৭ ও ২৮ সেপ্টেম্বর ২০১৯। সে অনুযায়ী সকল প্রস্তুতি গ্রহণ করা হবে।<br>• নারীপক্ষ'র গঠনতন্ত্র সংশোধন বিষয়ে যেসকল প্রস্তাব/সুপারিশ আছে সেগুলো উক্ত সভার অন্ততঃ একমাস পূর্বে একত্রিত করে ইউ এম হাবিবুন নেসা ও কামরুন নাহারকে দেখিয়ে চূড়ান্ত করে রাখা হবে এবং অনুমোদনের জন্য সাধারণ সভায় উত্থাপন করা হবে। | • সিদ্ধান্তটি জানিয়ে সদস্যদের ই-মেইল করা হলে শিরীন হকসহ বেশ কয়েকজন সদস্য এই তারিখে উপস্থিত থাকতে অপারগতা জানান, তাই ২৪ আগস্ট ২০১৯ অনুষ্ঠিত বৈঠকে সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে সভার পূর্বনির্ধারিত তারিখ পরিবর্তন করে ২৪, ২৫ ও ২৬ অক্টোবর ২০১৯ করা হয়।<br>• অনুমোদনের জন্য সাধারণ সভায় উত্থাপন করা হবে। |
| নারীর উপর সহিংসতার ঘটনায় | ৯ ভাদ্র ১৪২৬/২৪ | নারীর উপর ক্রমবর্ধমান নৃশংস যৌন আক্রমণ, ধর্ষণ, হত্যাসহ বিভিন্ন ধরনের সহিংসতা প্রতিরোধে "আর একজন | কাজটি চলমান আছে। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| নারীপক্ষ'র করণীয় | আগস্ট ২০১৯ | নারীও সহিংসতার শিকার হবে না"- এই লক্ষ্যে একবছর মেয়াদী কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে। এরজন্য ৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হবে। কমিটির সদস্যরা হলেন ইউ এম হাবিবুন নেসা, রীতা দাশ রায়, আফসানা চৌধুরী এমি, রওশন আরা, কামরুন নাহার, সামিয়া আফরীন ও নাজমা বেগম।<br>এই কর্মসূচি বাস্তবায়নের জন্য জুলাই ২০১৯ - জুন ২০২০ অর্থবছরের বাজেটে ১৫ লাখ টাকা বরাদ্দ রাখা হবে। আপাতত নারীপক্ষ'র 'আন্দোলন কর্মসূচি' খাত থেকে খরচ করা হবে এবং পরবর্তীতে ধীরে ধীরে উক্ত টাকার সংস্থান করা হবে। | |
| হিসাব বিভাগের জন্য ফ্যান ক্রয় | ২৮ বৈশাখ ১৪২৬/১১ মে ২০১৯ | হিসাব বিভাগের স্থানটিতে অতিরিক্ত গরম প্রশমনের জন্য ৩টি ওয়াল ফ্যান ক্রয় করা হবে। | ৩টি ওয়াল ফ্যান ক্রয় করা হয়েছে। |
| দুর্বার 'নেটওয়ার্ক'কে নিয়ে প্রকল্প গ্রহণ | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | নারীর উপর সহিংসতা রোধে 'দুর্বার নেটওয়ার্ক'কে নিয়ে ৪/৫ বছরের একটি প্রকল্প গ্রহণের নীতিগত অনুমোদন দেয়া হলো। মাহবুবা মাহমুদ লীনা, অমিতা দে, মাহীন সুলতান, রেহানা সামদানী, জাহানারা খাতুন ও আসমা বীথিকে নিয়ে একটি কর্মদল গঠন করা হলো। সমন্বয়কারীর দায়িত্ব পালন করবেন মাহবুবা মাহমুদ লীনা। তারা দলগত ভাবে আলোচনা করে ধারণাপত্র ও প্রকল্প প্রস্তাবনা প্রস্তুত করবেন। | ধারণাপত্র ও প্রকল্প প্রস্তাবনা প্রস্তুত কাজ চলছে। |
| নারীপক্ষ'র কোন সদস্য বা কর্মী ঢাকার বাইরে প্রশিক্ষণ/কর্মশালা/ সভা/কর্মসূচিতে অংশগ্রহণকালে নিজের বাচ্চাকে সাথে নেয়া | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | নারীপক্ষ'র কোন সদস্য বা কর্মী ঢাকার বাইরে প্রশিক্ষণ/কর্মশালা/সভা/কর্মসূচিতে অংশগ্রহণকালে তার নিজের বাচ্চাকে সাথে নিতে পারবে কি না, পারলে তার নিয়মাবলী/শর্তসমূহ কী হবে সে বিষয়ক নীতিমালা লিখিত না থাকলে প্রচলিত চর্চাকে লিখিত করে সভানেত্রীর অনুমোদন নিয়ে বিধিমালায় যুক্ত করা হবে। | নির্ধারিত সময়ের মধ্যে নিয়মাবলী/চর্চাগুলো লিখিত করা হয়নি বিধায় ২১/০৯/১৯ অনুষ্ঠিত কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠকে সিদ্ধান্ত হয়, একটি সুনির্দিষ্ট প্রস্তাব লিখিত আকারে এই বার্ষিক সভায় দেয়া হবে। প্রস্তাবটি এখনও তৈরি হয়নি। |
| 'এরিনা' প্রকল্পের আওতায় গৃহীত বিশিষ্ট নারীদের সাক্ষাৎকারগুলো নিয়ে করণীয় | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | 'এরিনা' প্রকল্পের আওতায় গৃহীত বিশিষ্ট নারীদের সাক্ষাৎকারগুলো নারীপক্ষ'র আর্কাইভেই থাকবে। আন্দোলন সম্পাদক আফসানা চৌধুরী এমি আগামী তিন মাসের মধ্যে সাক্ষাৎকারগুলো সম্পাদনা কাজ সম্পন্ন করার চেষ্টা করবেন। | আফসানা চৌধুরী এমি কাজ করছেন। |
| 'নারীর সুরক্ষায় বিশেষ অভিযান' কর্মসূচি | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | • নারীর উপর ক্রমবর্ধমান নৃশংস যৌন আক্রমণ, ধর্ষণ, হত্যাসহ বিভিন্ন ধরনের সহিংসতা প্রতিরোধে 'নারীর সুরক্ষায় বিশেষ অভিযান' কর্মসূচির সমন্বয়কারীর দায়িত্ব এখন থেকে রওশন আরা বেবী পালন করবেন।<br>• কাজগুলো সুষ্ঠভাবে করার জন্য 'কর্মসূচি কর্মকর্তা' পদে একজন কর্মী নিয়োগ দেয়া হবে। | • রওশন আরা বেবী পালন করবেন।<br>• কর্মী নিয়োগ প্রক্রিয়া বর্তমানে স্থগিত আছে, কারণ যাকে বাছাই করা হয়েছিল তার রেফারেন্স যাচাই সনদ সন্তোষজনক নয় বিধায় নিয়োগ দেয়া যায়নি। এখন নতুন করে প্রক্রিয়া করতে হবে যা সময়সাপেক্ষ। এছাড়া, এই কর্মসূচিকে যুক্ত করে 'ফাউন্ডেশন ফর জাস্ট সোস্যাইটি'- এ প্রকল্প প্রস্তাবনা জমা দেয়া হচ্ছে, |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | | | তাই এখন আর নতুন প্রকিয়া না করে আপাততঃ ২৫ নভেম্ব ২০১৯ পর্যন্ত কাজটি নিজেরাই চালিয়ে নেয়া হবে এবং তারপরে নতুন করে চিন্তাভাবনা করা হবে। |
| নুসরাত হত্যা মামলা ফলো-আপ | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | নুসরাত হত্যা মামলার মতো ঢাকার বাইরে ঘটনাভিত্তি মামলার ফলো-আপ সরাসরি ঘটনাস্থলে গিয়ে করা হবে কি না সে বিষয়ক সিদ্ধান্ত নেয়ার আগে প্রয়োজনীয়তা যাচাই করে দেখা হবে। | প্রয়োজনে করা হবে। |
| নারীপক্ষ'র ওয়েবসাইটের ইংরেজী ভার্সন এবং '৭১ এর যে নারীদের ভুলেছি' কর্মসূচির পোস্টারের নকশা তৈরি | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | নারীপক্ষ'র ওয়েবসাইটের ইংরেজী ভার্সন এবং '৭১ এর যে নারীদের ভুলেছি' কর্মসূচির পোস্টারের নকশা তৈরি করে দেয়ার জন্য সাগরিকা হক এর সাথে যোগাযোগ করা হবে। | নারীপক্ষ'র ওয়েবসাইট যিনি তৈরি করেছেন তার স্যাথে সাগরিকা, তামান্না খান ও আজাদ হোসেন আলোচনা হয়েছে এবং তাকে দিয়েই কাজটি করার প্রক্রিয়া চলছে। |
| 'নতুন প্রজন্মের নারীর নেতৃত্ব বিকাশ' প্রকল্প | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | এই প্রকল্পের আওতায় একটি প্রশিক্ষণের যে পরিকল্পনা করা হয়েছে সেটি নিয়ে নারীপক্ষ'র মঙ্গলবারের সভায় আলেচনা করা হবে। একইসাথে "রোহিঙ্গা নারীদের পাশে আমরা" কর্মসূচির প্রশিক্ষণ সহায়িকাটি নিয়েও আলোচনা করা হবে। | আলোচনাটি এখনও হয়নি। |
| নারীপক্ষ'র বাজেট অনুমোদন | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | বার্ষিক আলোচনা ও দ্বি-বার্ষিক সাধারণ সভা যেহেতু একমাস পিছিয়েছে (২৬-২৮ সেপ্টেম্বর এর পরিবর্তে ২৪-২৬ অক্টোবর ২০১৯) সেহেতু নারীপক্ষ'র জুলাই-সেপ্টেম্বর ২০১৯ বাজেটে অক্টোবর ২০১৯ যুক্ত করে মোট চার মাসের বাজেটে সভানেত্রী অনুমোদন দেবেন। | সভানেত্রী অনুমোদন দিয়েছে। |
| COPASAH-আয়োজিত গ্লোবাল সিম্পোসিয়ামে অংশগ্রহণ | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | আগামী ১৫-১৮ অক্টোবর ২০১৯ ভারতের দিল্লীতে COPASAH আয়োজিত **"সিটিজেনশীপ, গভর্নেন্স এ্যান্ড একাউন্টেবিলিটি ইন হেল্থ"** বিষয়ক গ্লোবাল সিম্পোসিয়ামে নিবন্ধন খরচ মওকুফ হলে নারীপক্ষ থেকে কামরুন নাহার, সামিয়া আফরীন, নাজনীন সুলতানা রত্না, জাহানারা খাতুন এবং নাজমুন নাহার এর অংশগ্রহণের নীতিগত অনুমোদন দেয়া হলো। নিবন্ধন খরচ বাদে বাকী খরচের অর্ধেক নারীপক্ষ থেকে দেয়া হবে। | নারীপক্ষ'র উক্ত ৫ জন সদস্য অংশগ্রহণ করেছেন। |
| 'সাউথ এশিয়ান রিপ্রোডাক্টিভ জাস্টিস এলায়েন্স' এর সেমিনারে অংশগ্রহণ | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | সেন্টার ফর রিপ্রোডাক্টিভ রাইটস- এর উদ্যোগে গঠিত 'সাউথ এশিয়ান রিপ্রোডাক্টিভ জাস্টিস এলায়েন্স' দক্ষিণ এশিয়ার বিচারপতিদের নিয়ে 'প্রজনন অধিকার' বিষয়ে একটি সভা করবে আগামী ২২-২৩ সেপ্টেম্বর ২০১৯। এরজন্য যে দুইটি বিষয়ভিত্তিক কর্মদল গঠন করা হয়েছে তাতে নারীপক্ষ প্রতিনিধিত্ব করবে। "আইন সংস্কার করে গর্ভপাতের বৈধতা প্রদান" বিষয়ক কর্মদলে থাকবেন নাজনীন সুলতানা রত্না এবং "কিশোর-কিশোরীদের যৌন ও প্রজনন অধিকার" বিষয়ক কর্মদলে থাকবেন মাকসুদা খাতুন। | সভাটি এখনও হয়নি। যোগাযোগ অব্যাহত আছে। |
| 'রোহিঙ্গা নারীদের পাশে আমরা' কর্মসূচির জন্য কর্মী নিয়োগ | ৯ ভাদ্র ১৪২৬/২৪ আগস্ট ২০১৯ | রোহিঙ্গা নারীদের পাশে আমরা' কর্মসূচিতে নতুন কর্মী নিয়োগের জন্য ইতিপূর্বে বাছাইকৃতদের মধ্য থেকে নির্বাচনের উদ্যোগ নেয়া হবে। | কর্মী নিয়োগ হয়েছে। |

**(ঘ) কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠক :**
প্রতিবেদন কালে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির মোট ২২ টি বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

**(ঙ) ব্যবস্থাপনা বৈঠক :**
প্রতিবেদন সময়ে ২টি ব্যবস্থাপনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে (৩১ শ্রাবণ ১৪২৬/১৫ জুলাই ২০১৯, ১৬ চৈত্র ১৪২৫/২৭ মার্চ ২০১৯)।

৩১ শ্রাবণ ১৪২৬/১৫ জুলাই ২০১৯ ব্যবস্থাপনা কমিটির বৈঠকে মূলত ১৩ জুলাই ২০১৯ অনুষ্ঠিত বিশেষ কর্মী ব্যবস্থাপনা বৈঠকে কর্মীদের কাছথেকে থেকে প্রাপ্ত বিশেষ কিছু প্রস্তাব নিয়েই আলোচনা হয়। **প্রস্তাবগুলো নিম্নরুপ:**

- চাকুরী বিধিমালা অনুযায়ী বিকল্প ছুটির মেয়াদ দুই মাস। কাজের চাপের জন্য প্রায় সময়ই দুই মাসের মধ্যে বিকল্প ছুটি কাটানো সম্ভব হয় না তাই বিকল্প ছুটির মেয়াদ আরো একমাস বৃদ্ধি করে মোট তিন মাস করা এবং ছুটির দিন কাজ করার পরিবর্তে প্রাপ্ত বিকল্পছুটি ভোগ করতে যেসমস্ত কর্মী অপারগ হবে (অফিসের কাজের প্রয়োজনে) তাদেরকে ঐদিনের প্রকৃত যাতায়ত ভাতা প্রদান করা
- ঢাকার মধ্যে কর্মীদের মাঠ পরিদর্শন কাজের জন্য দুপুরের খাবারের খরচ দেয়া
- নিজ প্রকল্পের কাজের বাইরে অন্য প্রকল্পের কাজ করলে অনেক লোড হয়ে যায়, সেক্ষেত্রে অতিরিক্ত ভাতা দেয়ার বিষয়টি বিবেচনায় নেয়া
- দিনব্যাপী কোন কর্মশালা কিংবা সংগঠন পরিদর্শনে গিয়ে নির্দিষ্ট খাদ্য ভাতার বাইরে কোন ইনসেনটিভ দেয়া। উল্লেখ্য, এই প্রস্তাবের প্রেক্ষিতে ব্যবস্থাপনা কমিটির বৈঠকে আলোচনা হয় যে, অন্য কোন সংগঠনে (যেমন: ১. আইন ও শালিস কেন্দ্র ২. ব্লাষ্ট ৩. এএসএফ ৪. নাগরিক উদ্যোগ ৫. মানুষের জন্য ফাউন্ডেশন ৬.মহিলা পরিষদ ৭. ডিএসকে ৮. আর এইস স্টেপস ৯. বন্ধু ১০. বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবি সমিতি) এই ধরনের নিয়ম আছে কিনা তার তথ্য সংগ্রহ করে ব্যবস্থাপনা সভায় উপস্থাপন করা।

**উক্ত সংগঠনগুলো থেকে প্রাপ্ত তথ্য নিম্নরূপ:**

- **আইন ও শালিস কেন্দ্র, এএসএফ, নাগরিক উদ্যোগ, মহিলা পরিষদএবং মানুষের জন্য ফাউন্ডেশন:** সংগঠনের নিয়মানুয়ায়ী বিল প্রদান করে সংগঠন পরিদর্শনের টাকার সাথে সমন্বয় করতে হয়। খাওয়ার বিল নির্দিষ্ট, সেক্ষেত্রে বিল প্রদান করতে হয় না। এর বাইরে কোন সুবিধা দেয়া হয় না।
- **ব্লাস্ট এবং ডিএসকে:** সংগঠনের নিয়মানুয়ায়ী যাতায়াত ভাতা এবং থাকা বাবদ বিল প্রদান সংগঠন পরিদর্শনের টাকা সমন্বয় করতে হয়। খাওয়ার বিল নির্দিষ্ট সেক্ষেত্রে বিল প্রদান করতে হয় না। এর বাইরে কোন সুবিধা দেয়া হয় না। তবে যতদূর জানা গেছে কেয়ার বাংলাদেশ ও ওয়ার্ল্ড ভিশন ইনসেনসিভ দিয়ে থাকে। এই প্রতিষ্ঠানে খাবারের বিল কর্মীর গ্রেড অনুসারে দেয়া হয় সবার এক রকম না।
- **আরএইচস্টেপস :** সংগঠনের নিয়মানুয়ায়ী যাতায়াত ভাতা এবং থাকা বাবদ বিল প্রদান সংগঠন পরিদর্শনের টাকা সমন্বয় করতে হয়। খাওয়ার বিল নির্দিষ্ট সেক্ষেত্রে বিল প্রদান করতে হয় না। এর বাইরে কোন সুবিধা দেয়া হয় না কিন্ত কোন কর্মশালা অথবা সভায় অংশগ্রহণ করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কতৃক খাওয়া ও থাকার করলেও তাদের গ্রেড অনুযায়ী একটা পকেটমানি দেয়া হয়। কনিষ্ঠ ৬০০ টাকা এবং জ্যেষ্ঠ ৮০০ টাকা হিসেবে।
- **নিজেরা করি :** থাকা ও যাতায়াত বিল প্রদান করতে হয় তবে এই প্রতিষ্ঠানে সংগঠন কর্তৃক খাওয়ার ব্যবস্থা করে, ফলে কর্মীদের কোন খাবার খরচ দেয়া হয় না। এটি একটি ব্যতিক্রম।
- **বন্ধু :** সংগঠনের নিয়মানুয়ায়ী যাতায়াত ভাতা এবং থাকা বাবদ বিল প্রদান সংগঠন পরিদর্শনের টাকা সমন্বয় করতে হয়। খাওয়ার বিল নির্দিষ্ট সেক্ষেত্রে বিল প্রদান করতে হয় না। এর বাইরে ইনসেনসিভ সুবিধা দেয়া হয়, যেমন: প্রতিবেলায় কনিষ্ঠদের ক্ষেত্রে ১৭০/- টাকা এবং ব্যবস্থাপক ও পরিচালকের ক্ষেত্রে ৩০০/- টাকা করে দেয়া হয়।

**১৬ চৈত্র ১৪২৫/২৭ মার্চ ২০১৯ একটি ব্যবস্থাপনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সভায় সিদ্ধান্ত হয় যে, আগামী ব্যবস্থাপনা বৈঠকে নিম্লোক্ত বিষয়গুলো নিয়ে আলোচনা করা হবে:**

- চিঠিপত্র রেজিষ্টার /বিতরণ ও বর্হিগামী চিঠি কিভাবে পাঠানো হয়
- আন্তঃযোগাযোগ
- অফিস সময়
- সহায়তা কর্মীদের দায়িত্ব বন্টন
- ভাউচারে স্বাক্ষর না থাকা
- এনজিও বিষয়ক ব্যুরো সংক্রান্ত
- প্রশিক্ষণের উপকরণ বিতরণ সংক্রান্ত
- প্রকল্প ব্যবস্থাপকগণ কাজ করতে গিয়ে কোন সমস্যা হয় কি না?
- প্রকল্প ব্যবস্থাপনার ক্ষেত্রে কি কি সমস্যা হয়

- আজাদ নাই যার কারণে কম্পিউটার এ কাজ করা সম্ভব হচ্ছে না
- ফটোকপির প্রভিশন কিভাবে হচ্ছে
- ইমেল নিয়মিত চেক  করা হচ্ছে কিনা
- চেক স্বাক্ষর প্রক্রিয়া ৩-৪ দিনের মধ্যে হয়
- চেক স্বাক্ষর করাতে শনিবার এবং মঙ্গলবার কোন সদস্যের বাসা কিংবা অফিসে পাঠানো প্রয়োজন নেই, কারণ এই দু'দিন সদস্যগণ সাধারণত অফিসে আসেন
- সহায়তা কর্মীদের যাতায়াত খরচ পেটিক্যাশ সংক্রান্ত চেক সপ্তাহের ৩-৪ কর্মদিবস এর মধ্যে দিতে হবে
- নারীপক্ষ থেকে যখন কোন চিঠি বাইরে পাঠানো হবে তখন সে চিঠির খসড়া করে (পরিচালক পর্যায়ের সদস্যগণ) দিবে
- হিসাব বিভাগ এবং কর্মসূচীর মধ্যে সমন্বয় থাকতে হবে
- কর্মী মূল্যায়ন কেন সঠিক সময়ে হচ্ছে না। যাদের মূল্যায়ন বাকী যেমন: কামরুন নাহার, সায়েমা হাসনীন এর মূল্যায়ন করা
- হিসাব বিভাগ এর কর্মীদের নিয়ে ইনডাকশন সভা হবে। এই সভায় গঠনতন্ত্র, চাকুরীবিধিমালা, বিভিন্ন নীতিমালা হিসাব বিভাগের কর্মীদের পড়তে দিতে হবে যাতে প্রশ্ন করলে উত্তর দিতে পারে। যে বিষয়গুলো বুঝতে পারবে না তা লিখে রাখতে হবে
- বিশেষ আলোচ্যসূচী নিয়ে ব্যবস্থাপনা সভা করতে হবে যাতে সমস্যাগুলো সমাধান হয়
- সমন্বয় সভার ৩-৪টি প্রতিবেদন ও মঙ্গলবারের সভার খাতা এজেন্ডা নিতে হবে

**(চ) কর্মী বৈঠক :**
প্রতিবেদনকালে ৩টি কর্মী বৈঠক অনুষ্ঠিত হয়।

**(ছ) ক্রয় বিক্রয় কমিটির বৈঠক:**
প্রতিবেদনকালে ক্রয় বিক্রয় কমিটির ৫টি (৭ বৈশাখ ১৪২৬/২০ এপ্রিল ২০১৯, ২৮ ফাল্গুন ১৪২৫/১২ মার্চ ২০১৯, ২২ ফাল্গুন ১৪২৫/4 মার্চ ২০১৯, ২৮ অগ্রহায়ণ ১৪২৫/১২ ডিসেম্বর ২০১৮, ২৩ পৌষ ১৪২৫/৬ জানুয়ারি ২০১৯) বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ ও তার বাস্তবায়ন অবস্থা নিম্নরূপ:

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়ন অবস্থা |
|---|---|---|---|
| **'অধিকার আন্দোলনে নারী নেতৃত্ব' প্রকল্পের ৭ দিনের প্রশিক্ষণের জন্য ব্যাগ তৈরী** | **২৯ আষাঢ় ১৪২৬/১৩ জুলাই ২০১৯** | ১৩ জুলাই ২০১৯ ক্রয়-বিক্রয় কমিটির বৈঠকে তিনটি প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত দরপত্র পর্যালোচনা করে দেখা যায় সর্বনিম্ন দরদাতা শতাব্দি ফ্যাশন ডিজাইন এবং দ্বিতীয় সর্বনিম্ন কাক কমিউনিকেশন, তবে ইতিপূর্বে নারীপক্ষ'র 'পোগাক শিল্পে কর্মরত নারীর উপর সহিংসতা প্রতিরোধ' প্রকল্প ও 'অধিকার এখানে এখনই (RHRN) প্রকল্পে'র কর্মশালার জন্য কাক কমিউনিকেশন থেকে ব্যাগ তৈরি করা হয়েছে, যা ভালো হয়েছে। পূর্ব অভিজ্ঞতার আলোকে কাক কমিউনিকেশনকে কার্যাদেশ দেয়ার জন্য সুপারিশ করা হয়। | সিদ্ধান্ত অনুযায়ী 'অধিকার আন্দোলনে নারী নেতৃত্ব' প্রকল্পের ৭ দিনের প্রশিক্ষণের জন্য কাক কমিউনিকেশন থেকে ব্যাগ তৈরি করা হয়েছে। |
| **প্রচারপত্র মুদ্রণ** | **৭ বৈশাখ ১৪২৬/২০ এপ্রিল ২০১৯** | ক্রয় বিক্রয় কমিটি ৩জন সদস্যের উপস্থিতিতে বৈঠক অনুষ্ঠিত হয়। নারীর অধিকার ও নিরাপত্তা নিশ্চিতকরণ প্রকল্প থেকে 'ধর্ষণের ঘটনায় বিচার পাওয়া আপনার অধিকার' শিরোনামে প্রচারপত্র মুদ্রণ এর জন্য ৪টি মুদ্রণ প্রতিষ্ঠান থেকে দরপত্র আহ্বান করা হয়। দরপত্র আহবানে সারা দিয়ে ৩টি মুদ্রণ প্রতিষ্ঠান দরপত্র প্রদান করেন। ফাহাদ এন্টারপ্রাইজ সর্বনিম্ন দরদাতা, এন.এন প্রিন্টার্স এবং সারিয়ান প্রিন্টিং প্রেস প্রতিষ্ঠান দুটি একই দর প্রদান করে।<br>উক্ত লিফলেটটি পূর্বে এন. এন প্রিন্টার্স থেকে মুদ্রণ করা হয়েছে। পুন:সংস্করণ প্রচারপত্র মুদ্রণে পূর্বের লেখা সংশোধন এবং এমজেএফ ও ডিএফআইডি এর লোগ সংযুক্ত করায় এবারের মুদ্রণ হবে চার রঙ। যেহেতু লিফলেটটি পূর্বে এন. এন প্রিন্টার্স থেকে মুদ্রণ করা হয়েছে সেহেতু পূর্বের নকশা ও পুন:সংস্করণ মুদ্রণ বিবেচনায় এন. এন প্রিন্টার্স থেকে মুদ্রণ করার জন্য ক্রয় বিক্রয় কমিটি সুপারিশ করে। | সিদ্ধান্ত অনুযায়ী এন. এন প্রিন্টার্স থেকে মুদ্রণ করা হয়েছে। |
| **৪টি ডেস্কটপ, ১টি ল্যাপটপ ও ১টি প্রিন্টার ক্রয়** | ২৮ ফাল্গুন ১৪২৫/১২ মার্চ ২০১৯ | এই বৈঠকে কমিটির ৪ জন সদস্য উপস্থিত ছিলেন। 'নারীর অধিকার ও নিরাপত্তা নিশ্চিতকরণ' প্রকল্পের জন্য ৪টি কম্পিউটার, ১টি ল্যাপটপ ও ১টি প্রিন্টার এর দরপত্র আহ্বান করা হয়।<br>৩টি প্রতিষ্ঠান থেকে দরপত্র সংগ্রহ করা হয়। কম্পিউটার, ল্যাপটপ ও প্রিন্টার এর জন্য সংগৃহীত প্রতিটির ৩টি দরপত্র যাচাই করে ক্রয়-বিক্রয় কমিটির সদস্যগণ বলেন, কম্পিউটার | সিদ্ধান্ত অনুযায়ী ফ্লোরা লিঃ এ কার্যাদেশ দেয়া হয়েছিল কিন্তু পরবর্তীতে উক্ত প্রকল্পের সহ-প্রকল্প পরিচালক সুপ্তি দিব্রা জনান যে, মানুষের জন্য ফাউন্ডেশন থেকে অনুমোদন নেয়ার পর ক্রয় |

| | | | |
|---|---|---|---|
| | | ও ল্যাপটপের সর্বনিম্ন দরদাতা লিখন আইটি। উল্লেখ্য, লিখন আইটি সোল ডিস্ট্রিবিউটর নয়, ফ্লোরা লিঃ ও স্মার্ট টেকনোলজি লিঃ সোল ডিস্ট্রিবিউটর। সোল ডিস্ট্রিবিউটর এর মধ্যে সর্বনিম্ন দরদাতা ফ্লোরা লিঃ এবং লিখন এর চেয়ে উল্লেখিত ২টি আইটেম ৫০০ টাকা বেশী। প্রিন্টারে ফ্লোরা লিমিটেড সর্বনিম্ন দরদাতা। ফ্লোরা লিমিটেড সোল ডিস্টিবিউটর এবং নারীপক্ষ'র সাথে পূর্ব কাজের অভিজ্ঞতা আছে তাই ৪টি কম্পিউটার ১টি ল্যাপটপ ও ১টি প্রিন্টার ফ্লোরা লিমিটেড থেকে ক্রয় করা যেতে পারে। | করা হবে এবং তারপর জানান, মানুষের জন্য ফাউন্ডেশন কর্তৃক পরিবীক্ষণ প্রকল্পে দেয়া কম্পিউটারগুলোতে কাজ করা যাবে কিনা সেটা যাচাই করার পরে ক্রয় করতে হবে। বর্তমানে এই পন্যগুলো ফ্লোরায় নেই বিধায় এখনও ক্রয় করা যায়নি। |
| **ল্যাপটপ ক্রয়** | **২২ ফাল্গুন ১৪২৫/৪ মার্চ ২০১৯** | ২২ ফাল্গুন ১৪২৫/৪ মার্চ ২০১৯ ক্রয় বিক্রয় কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। 'অধিকার এখানে এখনি' প্রকল্পের জন্য ১টি ল্যাপটপ ক্রয়ের দরপত্র আহ্বান করা হয়েছে। এই বৈঠকে কমিটির ৪ জন সদস্য উপস্থিত ছিলেন। ৩টি প্রতিষ্ঠান থেকে দরপত্র সংগ্রহ করা হয়। ল্যাপটপ এর জন্য সংগৃহীত ৩টি দরপত্র যাচাই করে ক্রয় বিক্রয় কমিটির সদস্যগণ বলেন খবহড়াড় ল্যাপটপ পূর্বে নারীপক্ষ'র জন্য কখনো কেনা হয়নি ও অভিজ্ঞতা নেই এবং দাম অনেক বেশী। ঐচ ল্যাপটপ এর অভিজ্ঞতা ভাল এবং নারীপক্ষ বর্তমানে অনেকগুলো ব্যবহার করছে। Processor Corei-7, RAM 8GB, ওজনে হালকা (১.৩২ কেজি), সাইজে ছোট, ব্যাটারি ব্যাক-আপ বেশী, গ্রাফিক্স রেজুলেশন বেশী। এজন্য এই ল্যাপটপের দাম বেশী। প্রকল্প থেকে উচ্চ কনফিগার চাহিদা থাকায় উক্ত HP Envoy 13- ad136tu কেনার জন্য ক্রয় বিক্রয় কমিটি মত দেন। ফ্লোরা লিমিটেড সোল ডিস্টিবিউটর এবং সর্বনিম্ন দরদাতা হওয়ায় ল্যাপটপটি ফ্লোরা লিমিটেড থেকে ক্রয় করা যেতে পারে। | সিদ্ধান্ত অনুযায়ী ফ্লোরা লিমিটেড থেকে ক্রয় করা হয়েছে। |
| **আন্তর্জাতিক নারী দিবস এর প্রচারপত্র মুদ্রণ** | **২২ ফাল্গুন ১৪২৫/৪ মার্চ ২০১৯** | ২২ ফাল্গুন ১৪২৫/৪ মার্চ ২০১৯ ক্রয় বিক্রয় কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে কমিটির ৪ জন সদস্য উপস্থিত ছিলেন। আন্তর্জাতিক নারী দিবস এর জন্য দশ হাজার (১০০০০) প্রচারপত্র মুদ্রণের দরপত্র আহ্বান করা হয়েছে। ৩টি মুদ্রণ প্রতিষ্ঠানে জরুরী দরপত্র আহ্বান করা হয়েছে, ২টি মুদ্রণ প্রতিষ্ঠান দরপত্রে সাড়া দিয়ে দরপত্র প্রদান করেছে। সংগৃহীত ২টি কোটেশন যাচাই করে ক্রয় বিক্রয় কমিটির সদস্যগণ বলেন এন. এন. প্রিন্টার্স সর্বনিম্ন দরদাতা এবং পূর্ব কাজের অভিজ্ঞতা ভাল, সেজন্য এন. এন. প্রিন্টার্স থেকে প্রচারপত্র মুদ্রণ করা যেতে পারে। | সিদ্ধান্ত অনুযায়ী এন. এন. প্রিন্টার্স থেকে প্রচারপত্র মুদ্রণ করা হয়েছে |
| **স্টেশনারী ক্রয়** | **২৮ অগ্রহায়ণ ১৪২৫/১২ ডিসেম্বর ২০১৮** | নারীপক্ষ'র ও বিভিন্ন প্রকল্পের চাহিদা অনুযায়ী জানুয়ারি - মার্চ ২০১৯ স্টেশনারীর দরপত্র আহ্বান করা হয়েছে। এই বৈঠকে কমিটির ৪ জন সদস্য উপস্থিত ছিলেন। ২টি কোম্পানী থেকে কোটেশন সংগ্রহ করা হয়। লিখন আইটি সর্বনিম্ন দরদাতা এবং পূর্বে সরবরাহকৃত পন্যের মান সন্তোষজনক ছিল। এই সংগৃহীত কোটেশন যাচাই করে ক্রয়-বিক্রয় কমিটির সদস্যগণ বলেন, **যেহেতু লিখন আইটি এর দর তুলনামূলক কম সেহেতু লিখন আইটিকে কার্যাদেশ দেয়ার সুপারিশ করা হলো।** | সিদ্ধান্ত অনুযায়ী লিখন আইটি থেকে স্টেশনারী ক্রয় করা হয়েছে। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়ন অবস্থা |
|---|---|---|---|
| প্রিন্টার ক্রয় | ২৮ অগ্রহায়ণ ১৪২৫/১২ ডিসেম্বর ২০১৮ | ২টি HP 15A Laserjet প্রিন্টার এর জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। এই বৈঠকে কমিটির ৪ জন সদস্য উপস্থিত ছিলেন। ৩টি কোম্পানী থেকে কোটেশন সংগ্রহ করা হয়। ক্রয়-বিক্রয় কমিটি সংগৃহীত ৩টি কোটেশন যাচাই করে যেহেতু ফ্লোরা লিমিটেড সোল ডিস্ট্রিবিউটর এবং সর্বনিম্ন দরদাতা সেহেতু ২টি প্রিন্টারই ফ্লোরা লিমিটেড থেকে ক্রয়ের জন্য সুপারিশ করে। | ফ্লোরা লিমিটেড থেকে ২টি প্রিন্টার ক্র য় করা হয়েছে। |
| ব্যাগ ও কোটি | ২৮ অগ্রহায়ণ ১৪২৫/১২ ডিসেম্বর ২০১৮ | নারীপক্ষ'র সজাগ প্রকল্পের জন্য ২০০টি ব্যাগ ও ১৫০টি কোটির জন্য গত ২০ অগ্রহায়ণ ১৪২৫/৪ ডিসেম্বর ২০১৮ দরপত্র আহ্বান করা হয়। ৩টি প্রতিষ্ঠান কোটেশন জমা দেয়। এর প্রেক্ষিতে বৈঠকে সিদ্ধান্ত হয়, **প্রতিটি প্রতিষ্ঠান থেকে চাহিদা অনুযায়ী নমুনা সংগ্রহ করা হবে এবং এরপর সিদ্ধান্ত নেয়া হবে যে, কাকে দিয়ে কাজদুটি করা হবে।** | 'কাক কমিউনিকেশন'-কে দিয়ে ব্যাগ ও কোটি তৈরি করা হয়েছে। |
| | ২৩ পৌষ ১৪২৫/৬ জানুয়ারি ২০১৯ | শুধু মাত্র কাক কমিউনিকেশন নারীপক্ষ'র চাহিদা অনুযায়ী নমুনা সরবরাহ করে, তাই ক্রয়-বিক্রয় কমিটি পুনরায় ৬/০১/২০১৯ তারিখে করে 'কাক কমিউনিকেশন' এর নমুনা সঠিক আছে বলে সিদ্ধান্ত দেন এবং পূর্ব কাজের অভিজ্ঞতা থাকায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা হলেও 'কাক কমিউনিকেশন'কে কার্যাদেশ দেওয়ার জন্য সুপারিশ করে। | 'কাক কমিউনিকেশন'-কে দিয়ে কোটি তৈরি করা হয়েছে। |
| অব্যবহৃত/ অকেজো কম্পিউটার, প্রিন্টার ও অন্যান্য | ২৮ অগ্রহায়ণ ১৪২৫/১২ ডিসেম্বর ২০১৮ | নারীপক্ষ'র পুরাতন/অকেজো কম্পিউটার সামগ্রী বিক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হয়। ২টি কোম্পানী থেকে পুরাতন/অকেজো কম্পিউটার সামগ্রী বিক্রয়ের দরপত্র সংগ্রহ করা হয়। ফটোকপিয়ারের মূল্য শুধুমাত্র নাজমুল হোসেন ১৫ হাজার টাকা বলেছেন। এই সংগৃহীত কোটেশন যাচাই করে ক্রয়-বিক্রয় কমিটি যেহেতু শুভা এন্টারপ্রাইজ এর দেয়া দর বেশী সেহেতু শুভা এন্টারপ্রাইজকে কম্পিউটার সামগ্রী দেয়া এবং নাজমুল হোসেন এর কাছে ফটোকপিয়ার বিক্রির জন্য সুপারিশ করেন। | শুভা এন্টারপ্রাইজ এর কাছে পুরাতন/অকেজো কম্পিউটার সামগ্রী বিক্রি করা হয়েছে এবং নাজমুল হোসেন এর কাছে ফটোকপিয়ার বিক্রি করা হয়েছে। |

**৯। ১৩ মে, নারীপক্ষ'র প্রতিষ্ঠা বার্ষিকী পালন:** ১৩ মে ২০১৯ নারীপক্ষ'র ৩৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী ছিল কিন্তু নানা করণে এবছর প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন করা হয়নি।

**১০। নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ:**

- ❖ **সেবা প্রকল্প:** নারীপক্ষ, ব্লাস্ট ও জাগো নারী যৌথভাবে একটি প্রকল্প হাতে নিয়েছে। নেতৃত্ব দিচ্ছে ব্লাস্ট। এই প্রকল্পের মাধ্যমে উখিয়া উপজেলার ৫টি ইউনিয়ন ও ২টি রোহিঙ্গা শরণার্থী শিবিরে (৩ ও ১৫ নম্বর) কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এই প্রকল্পের মেয়াদ নভেম্বর ২০১৮ থেকে এপ্রিল ২০২০।

- ❖ **নারীর নিরাপত্তা ও অধিকার নিশ্চিতকরণ প্রকল্প:** নারীর প্রতি সহিংসতা কমিয়ে আনতে রাষ্ট্রের সাথে সাথে নাগরিকের দায়িত্বও সমান গুরুত্বপূর্ণ। সংহিসতার ঘটনায় মামলা দায়ের থেকে বিচার সমাপ্তকরণ প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত সকলের দৃষ্টিভঙ্গি ও আচরণ পরিবর্তন যেমন প্রয়োজন, তেমনি সহিংসতার শিকার নারী ও মেয়েশিশুর প্রতি দৃষ্টিভঙ্গি, আচরণ ও সাংস্কৃতিক পরিবর্তন অপরিহার্য। এ লক্ষ্যে সরকারি হাসপাতাল, আইন প্রয়োগকারী সংস্থা ও বিচার প্রক্রিয়ায় প্রতিবন্ধকতা এবং মান উন্নয়নের জন্য অন্তর্নিহিত সীমাবদ্ধতা চিহ্নিত ও উত্তরণে জেলা ও উপজেলা ভিত্তিক কার্যক্রম চলছে।

- ❖ **অধিকার আন্দোলনে নারী নেতৃত্ব প্রশিক্ষণ কর্মসূচি:**
  অধিকার আন্দোলনে নারীর নেতৃত্ব বিষয়ক প্রশিক্ষণ (The Feminist Leadership, Movement Building and Rights Institute) কর্মসূচি জানুয়ারী থেকে শুরু হয়েছে। এই কর্মসূচির মাধ্যমে দেশের বিভিন্ন প্রান্তে মানবাধিকার ও নারী অধিকার প্রতিষ্ঠায় নিয়োজিত নারী ও বিভিন্ন পেশাজীবীদের মধ্যে যোগসূত্রতা ও মেলবন্ধন করে টেকসই নেটওয়ার্ক তৈরি করা হবে। প্রকল্প মেয়াদ: জানুয়ারী ২০১৯ থেকে সেপ্টেম্বর ২০২০। বাজেট: ৯৪,৪২,৭০০টাকা। **দাতা সংস্থা:** CREA (Creating Resources for Empowerment And Action Inc.)। প্রকল্প সমন্বয়কারীর দায়িত্ব পালন করছেন নারীপক্ষ'র সদস্য গীতা দাস।

- ❖ **'বাংলাদেশে নারী আন্দোলনের দাবিনামা (চার্টার অব ডিমান্ড/সিডি)' তৈরি:**

পাকিস্তান ভিত্তিক বেসরকারি সংগঠন সিরকাত্গাহ্ তাদের 'ফেমপাওয়ার' প্রকল্পের আওতায় বাংলাদেশে নারী আন্দোলনের দাবিনামা তৈরি করা বিষয়ক একটি কাজ করার জন্য নারীপক্ষ'কে যে প্রস্তাব দিয়েছে তাতে নীতিগত অনুমোদন দেওয়া হয় নির্বাহী পরিষদের গত ১৬ ফেব্রুয়ারির বৈঠকে। উক্ত বৈঠকের সিদ্ধান্ত ও পরামর্শ অনুযায়ী কাজটির প্রাথমিক পর্ব শুরু করা হয়। উল্লেখ্য, নির্বাহী পরিষদের ১৬ ফেব্রুয়ারি ২০১৯ এর বৈঠকের পরামর্শ অনুযায়ী, এই দাবিনামাটি তৈরিতে সহায়তার জন্য একজন পেশাদারকে দিয়ে নারীপক্ষ'র 'অক্টোবর সম্মেলন' ২০১৯ এর প্রতিবেদন তৈরি করা হচ্ছে। এ বিষয়ে দুইটি কর্মশালা করা হয়েছে। প্রথম কর্মশালাটি হয় ১৬/০৩/১৯ নারীপক্ষ'র সদস্যদের নিয়ে এবং পরের কর্মশালাটি হয় ২৩/০৩/১৯ নারীপক্ষ ও অন্যান্য সংগঠনকে নিয়ে। এই কর্মশালার প্রতিবেদন ও 'অক্টোবর সম্মেলন' এর প্রতিবেদন মিলিয়ে দাবিনামাটি তৈরি করা হয়। রীনা রায় এর নেতৃত্বে পাঁচ সদস্যের একটি কর্মদল (রীনা রায়, রীতা দাশ রায়, গীতা দাস, ইউ এম হাবিবুন নেসা ও ফরিদা ইয়াছমিন) সম্মিলিতভাবে কাজটি করেছেন।

❖ <u>'বেইজিং+২৫' প্রতিবেদন তৈরি:</u>

১৯৯৫ সালে বেইজিং এ অনুষ্ঠিত ৪র্থ বিশ্ব নারী সম্মেলনের ২৫ বছর পুর্তি উপলক্ষে বেইজিং ঘোষণার অগ্রগতি, বাঁধা ও সুপারিশসমূহ নিয়ে এই প্রতিবেদন তৈরি করা হয়। কর্মসূচির মেয়াদ: ১৫ জুন থেকে ৩১ আগষ্ট ২০১৯।
মোট বাজেট: ৪২৫,০০০/- (চার লক্ষ ২৫ হাজার টাকা), (৫০০০ মার্কিন ডলার)। প্রকল্প সমন্বয়কারী: সামিয়া আফরীন, সদস্যকর্মী, নারীপক্ষ। প্রতিবেদন তৈরির কাজটি করছেন ফজিলা বানু লিলি, সদস্য নারীপক্ষ।

❖ <u>নারীপক্ষ'র পোস্টার পুনঃমুদ্রণের জন্য ফরাসি দূতাবাস এর অর্থ দান সংক্রান্ত চুক্তি স্বাক্ষর:</u>

গত ৮ আষাঢ় ১৪২৬/২২ জুন ২০১৯ নারীপক্ষ কার্যালয়ে ফরাসি দূতাবাস, বাংলাদেশ এর সাথে নারীপক্ষ'র পোস্টার পুনঃমুদ্রণের জন্য অর্থ দান সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষর হয়। এর মাধ্যমে মোট ৩ লাখ ৯২ হাজার টাকা অনুদান পাওয়া গেছে। নারীপক্ষ'র সভানেত্রী অর্চনা বিশ্বাস এবং বাংলাদেশে ফরাসি রাষ্ট্রদূত Ms. Marie-Annick BOURDIN এই চুক্তি স্বাক্ষর করেন। এই চুক্তি স্বাক্ষর উপলক্ষে নারীপক্ষ একটি ঘরোয়া সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজের আয়োজন করে।

**১১। নারীপক্ষ থেকে বিভিন্ন কর্মশালা/বৈঠকে অংশগ্রহণ:**

- ২৮ আগস্ট ২০১৯ ডিএসকে আয়োজতি 'নারীর অধিকার নিয়ে কর্মরত সংগঠন সমূহের ষান্মাসিক সভায়" নীলুফার ইয়াসমীন অংশগ্রহণ করেন।
- ১৫ আগস্ট ২০১৯ জাতীয় শোক দিবসে নীলুফার ইয়াসমীন অংশগ্রহণ করেন।
- ৫ আগস্ট ২০১৯ Promoting Advocacy and Rights আয়োজিত "জেন্ডার বেইজড ভায়োলেন্স" বিষয়ক সভায় রওশন আরা অংশগ্রহণ করেন।
- ৫ আগস্ট ২০১৯ এ্যাডভোকেট সুপ্রিয় চক্রবর্তী স্মরণে মানবাধিকার কর্মী সুলতানা কামাল সহ পরিবারের অন্যান্য সদস্যদের সাথে অনুষ্টানে রওশন আরা, কামরুন নাহার ও নিগার সুলতানা গিয়েছেন।
- ৩১ জুলাই ২০১৯ ব্ল্যাস্ট আয়োজিত ওয়াইডব্লিউসিএ, সেগুনবাগিচা, ঢাকায় 'Jurisdication of ICC over Rohingya Crisis' বিষয়ক আলোচনা সভায় নারীপক্ষ থেকে সেবা প্রকল্পের সমন্বয়কারী নিগার সুলতানা অংশগ্রহণ করেন।
- ২৪ জুলাই ২০১৯ এসএনএফ আয়োজিত বিলস সেমিনার হলে 'Bangladesh Labour Rules 2015 amendment process' বিষয়ক সভায় তামান্না খান অংশগ্রহণ করেছেন।
- ৩০ জুন ২০১৯ ব্ল্যাস্ট আয়োজিত বিলিয়া সেমিনার হলে 'Rape Law Reform Advisory Committee Formation' বিষয়ক আলোচনা সভায় শাহনাজ আক্তার অংশগ্রহণ করেন।
- ২৭ জুন ২০১৯ পোপুলেশন কাউন্সিল আয়োজিত শেরাটন বলরুম, গুলশান-২ Dissemination event of Ending Eclampsia Project এ জাহানারা খাতুন ও নাজনীন সুলতানা অংশগ্রহণ করেন।
- ২৫ জুন ২০১৯ নাগরিক উদ্যোগ আয়োজিত সিরডাপ মিলনায়তে "কর্মক্ষেত্রে নারীর প্রতি নির্যাতন ও হয়রানি: প্রেক্ষিত বাংলাদেশের পোষাক শিল্প" সেমিনারে অতিথি হিসেবে রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২৪ জুন ২০১৯ ইউএনডিপি আয়োজিত প্যান প্যাসেফিস সোনারগাঁও হোটেলে ২টি গবেশনা ফলাফল (1. Social and legal implications of withdrawing the CEDAW reservations on the Bangladesh legal system and social norms; and 2. Lapses in the legal framework related to informal employment sector with specific focus on women) শেয়ারিং অনুষ্ঠানে রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২০ জুন ২০১৯ ইউএনডিপি আয়োজিত বিটিএমসি ভবন কাওরান বাজার ঢাকায় 'National Guideline for Human Rights defenders' বিষয়ক কনসালটেশন ইভেন্টে রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২২-২৩ মে ২০১৯ অক্সফাম আয়োজিত কক্সবাজারে 'ওমেন লীডারশীপ' কর্মশালায় ফজিলা বানু লিলি অংশগ্রহণ করেন।

- ৪ মে ২০১৯ ওশি একাডেমি আয়োজিত বাংলাদেশ কৃষি ব্যাংক ইনস্টিটিউট অডিটরিয়াম, মিরপুর-১৩ এ 'ট্রেইনার্স নেটওয়ার্ক' সভায় সাবিনা ইয়াসমিন অংশগ্রহণ করেন।
- ৩ মে ২০১৯ ভয়েস আয়োজিত ঢাকা রিপোর্টার্স ইউনিট অডিটরিয়ামে World Press Freedom Day ডায়লগ অবজারভেশনে নাজমুন নাহার অংশগ্রহণ করেন।
- ২ মে ২০১৯ হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ আয়োজিত আইন ও সালিশ কেন্দ্রে 'Chairperson of Board of Trustees of the United Nations Voluntary Fund for Victims of Torture' বিষয়ক সভায় শাহনাজ আক্তার অংশগ্রহণ করেন।
- ৩০ এপ্রিল ২০১৯ বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থা আয়োজিত Strengthening the Legal Case Management & Follow-up Mechanism for Trafficking in Person Cases ক্লাস্টার ভিত্তিক সমন্বয় সভায় নারীপক্ষ থেকে এড. শাহনাজ আক্তার অংশগ্রহণ করেছেন।
- ২৯ এপ্রিল ২০১৯ ওয়ার্ল্ড ব্যাংক আয়োজিত Analytical Works by the Bank on Gender আলোচনা সভায় সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।
- ২৮ এপ্রিল ২০১৯ পাথফাইন্ডার ইন্টারন্যাশনাল আয়োজিত Gender Integration in Family Planning কনসালটেশন কর্মশালায় সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।
- ২৮ এপ্রিল ২০১৯ বৃটিশ কাউন্সিল আয়োজিত "Development of Public Libraries" ন্যাশনাল পাবলিক সেমিনারে ফরিদা ইয়াছমিন অংশগ্রহণ করেন।
- ২৫ এপ্রিল ২০১৯ End of Project event of Canada funded HRH Project সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।
- ২৫ এপ্রিল ২০১৯ অক্সফাম বাংলাদেশ আয়োজিত সমন্বয় সভায় রওশন আরা অংশগ্রহণ করেন। ২৩ এপ্রিল ২০১৯ ক্রিয়া বাংলাদেশ আয়োজিত Women's World of Work ছবি প্রদর্শনী প্রতিফলন অধিবেশনে রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২৫ এপ্রিল ২০১৯ ব্লাস্ট আয়োজিত এসডিজি জাতীয় কর্মশারায় নাজনীন সুলতানা রত্না অংশগ্রহণ করেন।
- ২৪ এপ্রিল ২০১৯ সিপিডি আয়োজিত **CPD dialogue on Delivering SDGs in Bangladesh through Urban Local Government** সভায় অংশগ্রহণ করেন কামরুন নাহার।
- ২৩ এপ্রিল ২০১৯ ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ আয়োজিত 'It takes me toend physical violence against children' কর্মশালায় সৈয়দা সালমা পারভীন অংশগ্রহণ করেন।
- ২৩ এপ্রিল ২০১৯ কেয়ার বাংলাদেশ আয়োজিত বাংলাদেশ জাতীয় যাদুঘরে 'Women's World of Work' ফটো প্রদর্শনীর রিফ্লেক্সন সেশনে রওশন আরা অংশগ্রহণ করেন।
- ১৮ এপ্রিল ২০১৯ আইন ও সালিশ কেন্দ্র আয়োজিত 'অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানসহ মাদ্রাসার শিক্ষক দ্বারা মেয়ে শিশুরা ধর্ষণের ও ছেলে শিশুরা বলাৎকারের শিকার' এ বিষয়ে জোটবদ্ধভাবে ভবিষ্যতের করণীয় নির্ধারণের জন্য সভায় লিপি লিলিয়ান রোজারিও অংশগ্রহণ করেন।
- ১৭ এপ্রিল ২০১৯ বাংলাদেশ জাতীয় মানবাধিকার কমিশন আয়োজিত 'Role of Stakeholders in combating sexual Harassment and also to prepare a draft legislation' শীর্ষক পরামর্শক সভায় কামরুন নাহার অংশগ্রহণ করনে।
- ১৬ এপ্রিল ২০১৯ এ্যাকশন এইড বাংলাদেশ আয়োজিত 'রানা প্লাজা ট্রাজেডি' কর্মশালায় কামরুন নাহার অংশগ্রহণ করেন।
- ৯ এপ্রিল ২০১৯ আইসিডিডিআরবি আয়োজিত 'Measuring the Effect of HERrespect: An Intervention Addresssing Violence Against Female Garment Workers in Four Factories of Bangladesh' গবেষণা প্রতিবেদন নিয়ে আলোচনা সভায় রওশন আরা ও কামরুন নাহার অংশগ্রহণ করেন।
- ৬ এপ্রিল ২০১৯ ওমেন উইথ ডিজএবিলিটিজ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন আয়োজিত 'Access to justice of Women with Disabilities: Role of different institutions and mass media' সংলাপে এড. শাহনাজ আক্তার অংশগ্রহণ করন।
- ২৮ মার্চ ২০১৯ বেলা আয়োজিত সিরডাপ মিলনায়তনে "অগ্নিঝুঁকিমুক্ত ও নিরাপদ পুরানো ঢাকা" শীর্ষক একটি গুনশুনানীতে নাজমা বেগম অংশগ্রহণ করেন।
- ১৯ মার্চ ২০১৯ এসএনএফ আয়োজিত 'চকবাজার ট্রাজেডি ডকুমেন্টেশন' মতবিনিময় সভায় রওশন আরা ও লিপি লিলিয়ান রোজারিও অংশগ্রহণ করেন।

- ১৪ মার্চ ২০১৯ ইউএন উইমেন আয়োজিত 'Development of Prevention programme on VAW' এর পরামর্শক কর্মশালায় রওশন আরা অংশগ্রহণ করেন।
- ৬-৭ মার্চ ২০১৯ Department of Women and Gender Studies, Dhaka University আয়োজিত DWGS Gender Fest 2019 এ রুবাইয়্যাত অংশগ্রহণ করে।
- ৭ মার্চ ২০১৯ 'আমরাই পারি' পারিবারিক নির্যাতন প্রতিরোধ জোট, বাংলাদেশ আয়োজিত কেন্দ্রীয় শহীদ মিনারে "সমান ভাবি, সমান থাকি, সমান সমান, সমানে চলি" এই শ্লোগান নিয়ে এ বছর আন্তর্জাতিক নারী দিবস উদযাপনে প্রহর ১২.০১ মিনিটে মোমবাতি প্রজ্বলন এ রাশিদা হোসেন ও তামান্না খান অংশগ্রহণ করেন।
- ৫ মার্চ ২০১৯ এনজিও বিষয়ক ব্যুরো আয়োজিত 'নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে বেসরকারি সংস্থাসমূহের ভূমিকা" শীর্ষক মতবিনিময় সভায় কামরুন নাহার অংশগ্রহণ করেন।
- ৪ মার্চ ২০১৯ কানাডিয়ান দুতাবাসে International Women's Day Reeption at the Residence of the H.E. the High commissioner of Canada রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২৬ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ব ব্যাংক এর দেশীয় কার্যালয়ে 'Women in Trade- Opportunities and Challenges' বিষয়ক আলোচনা সভায় রাশিদা হোসেন অংশগ্রহণ করেন।
- ২৬ ফেব্রুয়ারি ২০১৯ বিলস মিলনায়তনে এসএনএফ আয়োজিত 'চকবাজার ট্রাজেডি' বিষয়ক সভায় এড. শাহনাজ আক্তার অংশগ্রহণ করেন।
- ২৪ ফেব্রুয়ারি ২০১৯ 'জন-অংশগ্রহণমূলক বিকল্প বাজেটের রূপরেখা' শীর্ষক জাতীয় সংলাপে নাজনীন সুলতানা রত্না অংশগ্রহণ করেন।
- ১৯ ফেব্রুয়ারি ২০১৯ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও ইউ এন উইমেন যৌথভাবে আয়োজিত CSW63 কর্মশালায় কামরুন নাহার অংশগ্রহণ করেন।
- ১৩ ফেব্রুয়ারি ২০১৯ এসএনএফ আয়োজিত Review and discuss farther SNF strategy মতবিনিময় সভায় রওশন আরা ও লিপি লিলিয়ান রোজারিও অংশগ্রহণ করেন।
- ১৩ ফেব্রুয়ারি ২০১৯ গ্যাটস ২০১৭ এর তথ্য-উপাত্তের আলোকে তামাক নিয়ন্ত্রণে সাফল্য ও করণীয় শীর্ষক আলোচনা অনুষ্ঠানে সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।
- ২ ফেব্রুয়ারি ২০১৯ বাংলাদেশ নারী প্রগতি সংঘ আয়োজিত  পরামর্শক কর্মশালায় কামরুন নাহার অংশগ্রহণ করেন।
- ৩০ জানুয়ারি ২০১৯ সিটিজেন'স প্ল্যাটফর্ম অপর এসডিজি'স ইন বাংলাদেশ এবং সিপিডি আয়োজিত ব্র্যাক সেন্টার ইন অডিটরিয়ামে 'পার্টনার'স সভায় সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।
- ১৮ জানুয়ারি ২০১৯ ওশি ফাউন্ডেশন আয়োজিত 'ইউথ লিডারশীপ ইন গার্মেন্ট' বিষয়ক কর্মশালায় আরওশন আরা অংশগ্রহণ করেন।
- ১৭ জানুয়ারি ২০১৯ কর্মজীবী নারী আয়োজিত বিল্স এ 'পোশাক শিল্প কারখানায় নারীদের নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণ ও তা বাস্তবায়নে গবেষণার তথ্য উপস্থাপনের জন্য সভায় সাবিনা ইয়াসমিন অংশগ্রহণ করেন।
- ২৬ ডিসেম্বর ২০১৮ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগে অধীনে জিএনএসপি ইউ আয়োজিত 'Mapping of GBV Services' শীর্ষক কর্মশালায় নাজনীন সুলতানা রত্না অংশগ্রহণ করেন।
- ২২ ডিসেম্বর ২০১৮ বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থা আয়োজিত জাতীয় প্রেস ক্লাব এর ভিআইপ লাউঞ্জে 'the 70$^{th}$ anniversary of the Adoption of The UN Declaration of Human Rights' বিষয়ক আলোচনা সভায় শাহনাজ আক্তার অংশগ্রহণ করেন।
- ১৩ ডিসেম্বর ২০১৮ ইউএন ওমেন আয়োজিত ইউএন ওমেন কার্যালয়ে 'Legal Framework of Sexual Harassment in Bangladesh' বিষয়ক অভিজ্ঞতাবিনিময় সভায় ইউ. এম হাবিবুন নেসা ও কামরুন নাহার অংশগ্রহণ করেন।
- ১৩ ডিসেম্বর ২০১৮ বাংলাদেশ মহিলা পরিষদ, বাংলাদেশ নারী সাংবাদিক কেন্দ্র ও বাংলাদেশ নারী প্রগতি সংঘ এর যৌথ উদ্যোগে আয়োজিত বীরপ্রতীক তারামন বিবি স্মরণসভায় নাজমা বেগম অংশগ্রহণ করেন।
- ১৩ ডিসেম্বর ২০১৮ NETZ Partnership for Development and Justice আয়োজিত ব্র্যাক সেন্টার ইন এ Conflict Transformation বিষয়ক সেমিনারে নাজমা বেগম অংশগ্রহন করেন।
- ৮ ডিসেম্বর ২০১৮ ব্লাস্ট আয়োজিত সিরডাপ মিলনায়তনে সারাদিব ব্যাপী "Rape Law Feform" বিষয়ক জাতীয় সম্মেলনে রীতা দাশ রায় ও কামরুন নাহার অংশগ্রহণ করেন।

- ২৭-২৮ নভেম্বর ২০১৮ ELNHA আয়োজিত humanitarian advocacy প্রশিক্ষণে রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২৭ নভেম্বর ২০১৮ প্রথম আলোর আয়োজনে এবং ইউএনএফপিএ ও একশন এইড বাংলাদেশের সহযোগিতায় সিএ ভবন-এ 'নারীর প্রতি সহিংসতা রোধে রাজনৈতিক ইশতেহার: বাস্তবতা ও প্রত্যাশা' শীর্ষক এক গোলটেবিল বৈঠকে শিরীন হক অত্যতম অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।
- ১৮ নভেম্বর ২০১৮ এনজিও বিষয়ক ব্যুরোর সম্মেলন কক্ষে নারী সংগঠনদের নিয়ে মতবিনিময় সভায় সায়েমা হাসনীন অংশগ্রহণ করেন।
- ১০ নভেম্বর ২০১৮ ব্লাস্ট আয়োজিত 'Redress for Rape: Ensuring Deterrence, Punishment and Reparation' বিষয়ক পরামর্শ সভায় ইউ.এম হাবিবুন নেসা অংশগ্রহণ করেন।
- ৫ নভেম্বর ২০১৮ হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ আয়োজিত আইন শালিস কেন্দ্র কার্যালয়ে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ এর সাধারণ সদস্য সভায় তামান্না খান অংশগ্রহণ করেন।
- ২৮ অক্টোবর ২০১৮ ডব্লিউডিডিএফ আয়োজিত 'Preserving Quota for Persons with Disabilities in 1st and 2nd class Government job' বিষয়ক সংবাদ সম্মেলনে রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২৮ অক্টোবর ২০১৮ এসিড সারভাইভার্স ভাউন্ডেশন আয়োজিত "Study on Good Practices and Possible Mechanism to address Gender-Based Violence" বিষয়ক ইনসেপ্সন সভায় শাহনাজ আক্তার অংশগ্রহণ করেন।
- ২৯ সেপ্টেম্বর ২০১৮ ইনোভেশন গ্যারেজ লিঃ উদ্ভাবিত দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ডকএক্স. আরটিএফ এবং টেক্সট ফাইল পড়ার মোবাইল অ্যাপক 'বাংলা ডক রিডার' প্রেস ক্লাব মিলনায়তনে নারীপক্ষ'র সদস্য ফাতেমা খাতুন, রোকেয়া খাতুন ও মর্জিনা আহম্মেদ এবং নারীপক্ষ'র টেলিফোন অপারেটর মর্জিনা বেগম অংশগ্রহণ করেন।
- ২৪ সেপ্টেম্বর ২০১৮ সিরডাপ মিলনায়তনে নাগরিক সমাজের পক্ষ থেকে "রাষ্ট্র - নাগরিক সম্পর্ক: দায় ও দায়িত্ব" বিষয়ক গোল টেবিল আলোচনায় শিরীন হক অংশগ্রহণ করেন।
- ৭ সেপ্টেম্বর ২০১৮ গার্মেন্টস শ্রমিক অধিকার আন্দোলন কমিটি আয়োজিত 'শ্রমিকে জীবন, মর্যাদা ও বাঁচার লড়াইয়ে ঐক্যবদ্ধ হোন' বিষয়ক জাতয় কনভেনশনে রওশন আরা অংশগ্রহণ করেন।

**১২। দেশের বাইরে এবং আন্তর্জাতিক বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারে অংশগ্রহণ:**

- ➢ Shirkat Gah - Women's Resource Centre is hosting a **Cross Regional Feminist Convening** in **Thailand** from **5th August** to **7th August, 2019** নারীপক্ষ থেকে ইউ. এম হাবিবুন নেসা ও শিরীন হক অংশগ্রহণ করেন।
- ➢ ২৬ - ২৮ জুন ২০১৯ নেদারল্যান্ড এর হেগ এ অনুষ্ঠিত "World Conference on statelessness" সম্মেলনে এবং ১ জুলাই জেনেভায় অনুষ্ঠিত "Legal Empowerment Leadership Convening" কর্মশালায় অংশগ্রহণ করে কামরুন নাহার।
- ➢ ৯-১৮ জুলাই ২০১৯ নিউইয়র্কে অনুষ্ঠিত High Level Political Forum on SDG- ২০১৯ এ অংশগ্রহণ এবং ফিরে এসে SDG Summit এ সরকারের side event এ অংশগ্রহনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ ও সাক্ষাত করেন সামিয়া আফরীন।
- ➢ 11 July 2019 in New your "Addressing an Understated issue in the SDG Discourse: Contribution of the Southern Non-State Actors" উক্ত আমন্ত্রণ এর ই-মেইলটি মাহমুদা খাতুন ও জুলিয়েট লিপিকা সরকারকে অংশগ্রহণের জন্য পাঠানো হয়। তারা কেউ অংশগ্রহণ করেছেন কিনা উত্তর দিয়ে জানায়নি।
- ➢ ১১-২২ মার্চ ২০১৯ মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কে **নারীর মর্যাদা সংক্রান্ত জাতিসংঘ কমিশন (সিএসডব্লিউ)- এর ৬৩ তম অধিবেশনে অংশগ্রহণ** করেন কামরুন নাহার। তিনি 'সজাগ' এর পক্ষ থেকে তিনি অংশগ্রহণ করেন।
- ➢ ২৬ নভেম্বর - ১ ডিসেম্বর ২০১৮ '৭১ এর যে নারীদের ভুলেছি' কর্মসূচির আওতায় দুইজন বীরাঙ্গনাকে "সারভাইভার্স প্লাটফর্ম ইভেন্ট" এ পাঠানো হয়েছে। যুদ্ধে যৌন নির্যাতনের শিকার নারীদের নিয়ে নেদারল্যান্ডের হেগ শহরে "সারভাইভার্স প্লাটফর্ম ইভেন্ট" হয়েছে। 'কমলা কালেক্টিভ' এর কর্ণধার নারীপক্ষ'র বন্ধু লিসা গাজীর প্রস্তাব অনুযায়ী উক্ত

অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য বীরাঙ্গনা জাবেদা খাতুন ও আনোয়ারা বেগমকে পাঠানো হয়েছে। নারীপক্ষ থেকে তাদের সাথে গিয়েছেন মাকসুদা বেগম।

- ২৩-২৯ অক্টোবর ২০১৮ হংকং এ অনুষ্ঠিত "Asia Regional Workshop on Legal Empowerment and Access to Justice, the 7th Asian Pro Bono Conference and the Round table on Documenting Citizenship and Other Forms of Legal Identity" এ অংশগ্রহণ করে কামরুন নাহার।

**১৩। প্রতিবাদ বিবৃতি:**

- ২৩ শ্রাবণ ১৪২৬/৭ আগস্ট ২০১৯ ম্রো সম্প্রদায়ের জমি কেড়ে নিয়ে তাদেরকে বাস্তুহীন করার ঘৃণ্য তৎপরতায় নারীপক্ষ'র তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে নারীপক্ষ থেকে প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ২৫ জুলাই ২০১৯ প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে তথ্য অভিগম্যতা বিষয়ক প্রকল্পে কর্মরত যুগ্ম সচিব আব্দুস সবুর মন্ডলের গাড়ীর অপেক্ষায় তিন ঘন্টা ফেরি আটকে রাখায় মোটর সাইকেল দুর্ঘটনায় আহত ৬ষ্ঠ শ্রেণীর ছাত্র তিতাস ঘোষ ঢাকায় হাসপাতালে পৌঁছাবার আগেই এ্যাম্বুলেন্সে মারা যায়। উক্ত বিষয়ে নারীপক্ষ থেকে ১৬ শ্রাবণ ১৪২৬/৩১ জুলাই ২০১৯ একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ২১ আষাঢ় ১৪২৬/৫ জুলাই ২০১৯ রাতে রাজধানীর ওয়ারীতে একটি বহুতল ভবনের ৯ম তলার খালি ফ্লাটে সাত বছরের শিশু সামিয়া আফরীন সায়মাকে ধর্ষণ শেষে গলায় রশি পেচিয়ে হত্যা করা হয়। এটিসহ দেশব্যাপী নারী ও শিশুর উপর সংঘটিত ভয়াবহ ধর্ষণ ও যৌন নির্যাতনের বিরুদ্ধে ২৩ আষাঢ় ১৪২৬/৭ জুলাই ২০১৯ নারীপক্ষ থেকে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ২৬ চৈত্র ১৪২৫/০৯ এপ্রিল ২০১৯ **"সুনামগঞ্জে বীরাঙ্গনাদের বিরুদ্ধে যুদ্ধাপরাধীর স্বজনদের অপতৎপরতায় নারীপক্ষ'র তীব্র নিন্দা ও প্রতিবাদ"** জানিয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়। উল্লেখ্য ২৫ চৈত্র ১৪২৫/৮ এপ্রিল ২০১৯ পত্রিকান্তরে প্রকাশ, সুনামগঞ্জের শাল্লা ও দিরাই উপজেলার ৬ জন বীরাঙ্গনার বিরুদ্ধে যুদ্ধাপরাধীদের আত্মীয় স্বজন মিছিল ও সমাবেশ করে তাঁদের এলাকা ছাড়ার হুমকি দিয়েছে। উল্লেখ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্প্রতি এই নারীদের মুক্তিযোদ্ধার তালিকায় অন্তর্ভুক্ত করেছে।
- ২৫ চৈত্র ১৪২৫/০৮ এপ্রিল ২০১৯ **"সোনাগাজীতে মাদ্রাসা ছাত্রীকে পুড়িয়ে হত্যার চেষ্টায় নারীপক্ষ'র"** ক্ষোভ ও উদ্বেগ জানিয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়। উল্লেখ্য গত ৬ এপ্রিল ২০১৯ ফেনীর সেনাগাজী ইসলামিয়া ফাজিল মাদ্রাসার আলীম পরীক্ষা দিতে গেলে কৌশলে ছাদে ডেকে নিয়ে ছাত্রীটির গায়ে আগুন ধরিয়ে দেয় ঐ মাদ্রাসার অধ্যক্ষের অনুগত কয়েকজন শিক্ষার্থী। ১০ এপ্রিল ২০১৯ চিকিৎসাধীন অবস্থায় নুসরাত মারা যায়।
- ১৯ চৈত্র ১৪২৫/০২ এপ্রিল ২০১৯ **"নির্বাচনকে কেন্দ্র করে নোয়াখালীর সুবর্ণচরে আবারও গৃহবধূকে দলবদ্ধ ধর্ষণ ঘটনায় নারীপক্ষ অত্যন্ত ক্ষুব্ধ ও উদ্বিগ্ন"** শিরোনামে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়। গত ৩১ মার্চ ২০১৯ সন্ধ্যায় নোয়াখালীর সুবর্ণচরে আবারো এক গৃহবধূকে দলবদ্ধভাবে ধর্ষণ করা হয় বলে প্রচারমাধ্যম সূত্রে জানা গেছে।
- ৬ চৈত্র ১৪২৫/২০ মার্চ ২০১৯ **"বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সদস্য ও নারী ফুটবল কমিটির চেয়ারম্যান এবং ফিফা কাউন্সিলের সদস্য মাহফুজা আক্তার কিরণকে গ্রেফতার ও কারাগারে পাঠানোয় নারীপক্ষ ক্ষুব্ধ ও উদ্বিগ্ন"** শিরোনামে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ১১ ফাল্গুন ১৪২৫/২৩ ফেব্রুয়ারি ২০১৯ **"চকবাজারে ভয়াবহ অগ্নিকান্ড নিমতলীর বিয়োগান্তক ঘটনারই পুনরাবৃত্তি"** শিরোনামে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ২১ মাঘ ১৪২৫/৩ ফেব্রুয়ারি ২০১৯ **"ধর্ষককে হত্যা নয়, আইনের আওতায় নিরপেক্ষ তদন্ত করে ন্যায্য বিচার চাই"** শিরোনামে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ২০ মাঘ ১৪২৫/২ ফেব্রুয়ারি ২০১৯ **মজুরি বৃদ্ধির দাবিতে আন্দোলনকারী তৈরি পোশাক শ্রমিক ছাঁটাইয়ের তীব্র নিন্দা ও প্রতিবাদ** জানিয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়।
- ২ মাঘ ১৪২৫/১৫ জানুয়ারি ২০১৯ "সুবর্ণচরে গৃহবধূকে ধর্ষণ ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশনের তদন্ত প্রতিবেদন অগ্রহণযোগ্য এবং ক্ষমতাসীন দলের নির্বাচনী সহিংসতা ও অনিয়ম-দুর্নীতিকে আড়াল করার পায়তারা" শিরোনামে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ২৯ পৌষ ১৪২৫/ ১২ জানুয়ারি ২০১৯ "মেয়েদের স্কুল-কলেজে না পাঠানোর জন্য আল্লামা শাহ্ আহমদ শফীর ওয়াদা করানো এবং নারীশিক্ষার প্রতি কদর্য ও কুরুচিপূর্ণ বক্তব্যের তীব্র নিন্দা ও প্রতিবাদ" জানিয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ২৬ পৌষ ১৪২৫/ ৯ জানুয়ারি ২০১৯ "মজুরি বৃদ্ধির দাবিতে আন্দোলনরত তৈরি পোশাক শ্রমিকদের উপর পুলিশী হামলা এবং শ্রমিক নিহতের ঘটনায় একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।

- ১৮ পৌষ ১৪২৫/ ১ জানুয়ারি ২০১৯ ধানের শীষে ভোট দেয়ায় নোয়াখালীর সুবর্ণচরে গৃহবধূকে ধর্ষণ ঘটনায় একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ১৫ অগ্রহায়ণ ১৪২৫/২৯ নভেম্বর ২০১৮ জাতীয় ক্রীড়া পরিষদে স্বর্ণজয়ী নারী খেলোয়াড়কে ধর্ষণের ঘটনায় একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ১৩ কার্তিক ১৪২৫/২৮ অক্টোবর ২০১৮ 'সাভারে গণস্বাস্থ্য কেন্দ্রে হামলা, ভাঙচুর, লুট ও নারী শিক্ষার্থীদের উপর আক্রমণের ঘটনায় নারীপক্ষ অত্যন্ত ক্ষুব্ধ এবং উদ্বিগ্ন' বিষয়ক একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ১২ কার্তিক ১৪২৫/২৭ অক্টোবর ২০১৮ 'খাগড়াছড়িতে বৌদ্ধবিহার ও মুর্তি ভাঙচুরে নারীপক্ষ অত্যন্ত ক্ষুব্ধ এবং উদ্বিগ্ন' বিষয়ক একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- প্রতিবছরের মতো এবছরও বাংলাদেশের হিন্দু ধর্মাবলম্বীরা 'শারদীয় দুর্গোৎসব' এর আয়োজন করছে এবং যথারীতি দেশের বিভিন্ন স্থানে প্রতিমা ভাঙচূরের ঘটনা ঘটছে, গত ২৪ আশ্বিন ১৪২৫/৯ অক্টোবর ২০১৮ 'শ্রীপুরে প্রতিমা ভাঙচুরে নারীপক্ষ অত্যন্ত ক্ষুব্ধ এবং **উদ্বিগ্ন'** উক্ত বিষয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।

১৪। **প্রতিবাদ জানিয়ে বিভিন্ন মন্ত্রণালয়ে ও অন্যান্যদের চিঠি:**

- ১৬ শ্রাবণ ১৪২৬/৩১ জুলাই ২০১৯ **'মাননীয় প্রধানমন্ত্রীর উত্তরাধিকার সংক্রান্ত বক্তব্যে "ছেলে/মেয়ের স্থলে 'সন্তান' শব্দ প্রতিস্থাপন" দ্রুত কার্যকর করার দাবি'** জানিয়ে মাননীয় মন্ত্রী, জনাব আনিসুল হক  বরাবরে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে চিঠি দেয়া হয়।
- ২৮ বৈশাখ ১৪২৬/১১ মে ২০১৯ চলন্ত বাসে এক তরুণী নার্সকে ধর্ষণের পর হত্যা ঘটনার বিচার ও এই ধরণের ঘটনা রোধে জরুরী কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়ে কিশোরগঞ্জ জেলার জেলা প্রশাসক মোঃ সারওয়ার মুর্শেদ বরাবর চিঠি দেয়া হয়।
- ২২ বৈশাখ ১৪২৬/৫ মে ২০১৯ 'শিক্ষা প্রতিষ্ঠানে অবস্থানকালে সংশ্লিষ্ট প্রত্যেকের মুখমন্ডল অনাবৃত রাকার নির্দেশনা প্রদান এবং যৌন হয়রানি ও নিপীড়ন রোধে অভিযোগ কমিটির কার্যক্রম পরিবীক্ষণ' বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও কারিগর ও মাদরাসা শিক্ষা বিভাগে চিঠি দেয়া হয়েছে। উল্লেখিত বিষয়ে বাংলাদেশ সরকারের সিদ্ধান্ত জানানোর জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সচিব বরাবর চিঠি দিয়েছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ১৪ অগ্রহায়ণ ১৪২৫/২৮ নভেম্বর ২০১৮ বাংলাদেশ জাতীয় ক্রীড়া পরিষদ এর চেয়ারম্যান বরাবর **"জাতীয় ক্রীড়া পরিষদে স্বর্ণজয়ী নারী খেলোয়াড়কে ধর্ষণ ঘটনার নিরপেক্ষ তদন্ত, দোষীদের বিচার এবং ধর্ষণের শিকার এই নারী খেলোয়াড়ের সুচিকিৎসার দায়িত্ব নেওয়া"** বিষয়ে একটি চিঠি দেয়া হয়েছে।

**১৫। অভিনন্দনপত্র:**

- ২৯ ফাল্গুন ১৪২৫/১৩ মার্চ ২০১৯ এডভোকেট রাজিয়া সুলতানা, রোহিঙ্গা উইমেন ওয়েলফেয়ার সোসাইটি, চট্টগ্রাম **'আন্তর্জাতিক সাহসী নারী'** পুরস্কার পাওয়ায় নারীপক্ষ থেকে অভিনন্দনপত্র দেয়া হয়। বার্মায় রোহিঙ্গা জনগোষ্ঠীর সুরক্ষার জন্য নির্ভীক উদ্যোগ, রোহিঙ্গা শরণার্থীদের মানবাধিকার সুরক্ষার প্রচেষ্টা এবং রোহিঙ্গা নারীদের ওপর যৌন নিপীড়নের ঘটনা পদ্ধতিগতভাবে নথিবদ্ধ করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক 'আন্তর্জাতিক সাহসী নারী (আইডব্লিউসি)' পুরস্কার' পায়। তাকে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে চিঠ দেয়া হয়।
- গত ৭ অক্টোবর ২০১৮, ভূটানের চাংলিমিথাং স্টেডিয়ামে অনুর্ধ্ব-১৮ নারীদল ফুটবলের সাফ চ্যাম্পিয়নশীপ লড়াইয়ে নেপালকে হারিয়ে চ্যাম্পিয়নশীপ শিরোপা জেতায় গত ২৪ আশ্বিন ১৪২৫/৯ অক্টোবর ২০১৮ বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে), নারী উইং এর চেয়ারম্যান, মাফুজা আক্তার কিরণ এর বরাবর **'অনুর্ধ্ব-১৮ নারীদল ফুটবলের সাফ চ্যাম্পিয়নশীপ শিরোপা জেতায় বাংলাদেশ নারী ফুটবল দলকে অভিনন্দন'** জানিয়ে একটি চিঠি দেয়া হয়।
- গত ২৬ ভাদ্র ১৪২৫/১০ সেপ্টেম্বর ২০১৮ 'সুরের ধারা' এর পরিচালক, রেজওয়ানা চৌধুরী বন্যা 'মহাত্মা গান্ধীর জন্মদিনে তাঁর প্রিয় ভজন সংগীত পরিবেশনের আমন্ত্রণ পাওয়ায় নারীপক্ষ থেকে একটি অভিনন্দনপত্র দেয়া হয়।

**১৬। শোকবার্তা ও শোক সংবাদ:**

- হার্টকোর পিপল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (এইচ পি ডি ও), জয়পুর হাট এর নির্বাহী পরিচালক মাহবুবা বেগম এর স্বামী 'দুস্থ মানবতা সেবা সংস্থা' এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক অপূর্ব সরকার এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে শোকসন্তপ্ত পরিবারের প্রত্যেকের প্রতি গভীর সমবেদনা জানিয়ে ১১ চৈত্র ১৪২৫/২৫ মার্চ ২০১৯ শোক বার্তা দেয়া হয়।

- এফআইভিডিবি এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক যেহীন আহমেদ এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষে এফআইভিডিবি এর সকল কর্মকর্তা ও কর্মিবৃন্দ ও তাঁর নিকটজনদের প্রত্যেকের প্রতি গভীর সমবেদনা জানিয়ে গত ২২ কার্তিক ১৪২৫/৬ নভেম্বর ২০১৮ একটি শোক বার্তা পাঠানো হয়েছে।
- গত ২২ আশ্বিন ১৪২৫/৭ অক্টোবর ২০১৮ উইমেন ফর উইমেন এবং ফেডারেশন অব ইউনিভার্সিটি উইমেন এর সভাপতি ড. নাজমা সিদ্দিকী এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে তাঁর মেয়ে ড. দিনা সিদ্দিকীর শোকসন্তপ্ত পরিবারের প্রত্যেকের প্রতি গভীর সমবেদনা জানিয়ে একটি শোক বার্তা দেয়া হয়।
- গত ২৬ ভাদ্র ১৪২৫/১০ সেপ্টেম্বর ২০১৮ 'একাত্তরের জননী'সহ ১৮টি গ্রন্থের লেখক, চট্টগ্রামের বোয়ালখালী গ্রামের বীরাঙ্গনা রমা চৌধুরী'র মৃত্যুতে গভীর সমবেদনা জানিয়ে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে তার মেয়ে জহরলাল চৌধুরীকে এবং তাঁর নিকটজনদের প্রত্যেককে একটি চিঠি দেয়া হয়।

## ১৭। সদস্য সংবাদ

- কামরুন নাহার এর ছেলে আতিফ উচ্চ শিক্ষার জন্য অস্ট্রেলিয়ায় গেছে।
- ফিরদৌস আজীম, তাসনিম আজীম ও সাফিয়া আজীম এর মা ৪ ডিসেম্বর ২০১৮ ইন্তেকাল করেছেন।
- ইউ এম হাবিবুন নেসা এর শাশুড়ি ২৪ নভেম্বর ২০১৮ এবং তার বড় বোন ২৫ নভেম্বর ২০১৮ ইন্তেকাল করেছেন।
- নাসিমা আক্তার এর বাবা ৬ নভেম্বর ২০১৮ ইন্তেকাল করেছেন।
- ফজিলা বানু লিলি এর নাতি হয়েছে।।

## ১৮। কর্মী সংবাদ

- নারীর অধিকার ও নিরাপত্তা নিশ্চিতকরণ প্রকল্পে ৮ জন কর্মী যোগাদান করেছেন, এদের মধ্যে ৩ জন স্বেচ্চাসেবী। সুপ্তি ড্রিব্রা, সহ-প্রকল্প পরিচালক (২০.০২.২০১৯), মো: রফিকুল ইসলাম সহ-হিসাব ব্যবস্থাপক (১৮.০২.২০১৯), শাহনাজ আক্তার সহ-প্রকল্প ব্যবস্থাপক (পলিসি ও এডভোকেসি) (০২.০২.২০১৯), সৈয়দা সালমা পারভীন, সহ-প্রকল্প ব্যবস্থাপক (ডকুমেন্টেশন এন্ড মনিটরিং) (০৩.০২.২০১৯), সেলিনা পারভীন সহ প্রকল্প ব্যবস্থাপক (পার্টনারশীপ) (১০.০৩.২০১৯)। শাহনাজ, রানী আক্তার ও শিলা আক্তার স্বেচ্ছাসেবী হিসেবে যোগদান করেন।
- 'অধিকার এখানে এখনি' প্রকল্পে হিসাব রক্ষণ কর্মকর্তা পদে কাজল সাহা ১ এপ্রিল ২০১৯ যোগদান করেছেন।
- সেবা প্রকল্পে, প্রধান মনো সামাজিক সহায়তাকারী (খন্ডকালীন) পদে নাসিমা আক্তার ১ জানুয়ারি ২০১৯ যোগদান করেছেন (বিশেস কারণে পরবর্তীতে তিনি চাকুরি ছেড়ে দিয়েছেন)।
- নতুন প্রজন্মের নারীর নেতৃত্ব বিকাশ প্রকল্পে লিপি লিলিয়ান রোজারিও ১ জানুয়ারি ২০১৯ যোগদান করেছেন।
- সেবা প্রকল্পে রুবাইয়াত প্রকল্প কর্মকর্তা পদে ১৬ জানুয়ারি ২০১৯ যোগদান করেছেন, পরবর্তীতে তিনি চাকুরী থেকে অব্যাহতি নিয়েছেন এবং জাহানারা খাতুন যোগদান করেছেন।
- নারীপক্ষ'র 'সহকারী প্রশাসনিক কর্মকর্তা' পদে সদস্য নীলুফার ইয়াসমীন যোগদান করেছেন।
- 'নারীবান্ধব হাসপাতাল কর্মসূচি'তে সানজিদা আক্তার, ও উজ্জিমান আক্তার উর্দ্ধতন প্রকল্প কর্মকর্তা পদে ১ অক্টোবর ২০১৮ যোগদান করেছেন। পরবর্তীতে সানজিদা আক্তার অব্যাহতি নিয়েছেন।

প্রতিবেদন প্রস্তুতকারী:

মোঃ আজাদ হোসেন
সহকারী ডকুমেন্টেশন ও তথ্য পযুক্তি কর্মকর্তা
নারীপক্ষ।

প্রতিবেদন সংশোধন ও পরিমার্জন

মনীষা মজুমদার
ডকুমেন্টেশন কর্মকর্তা
নারীপক্ষ